রুদুপাল নাটক।

(ইংরাজি ম্যাকনেথ নাটক অবলম্বন করিয়া)

শ্রীহরলাল রায় প্রণীত।

কলিকাতা।

নং ১১, কলেজ ক্ষোয়ার, রায় যন্ত্রে শ্রীবাব্রাম সরকার দ্বারা মুদ্রিত। সন ১২৮১ সাল।



Ace. No. 8539 Bate 22.4.94 ন্মট্যোল্লিখিত ব্যক্তিগণ। Item Ne. Bon by B/B 43 95 18 পুরুষ। সূর্যাপাল..... ইন্দ্রপালসুর্যাপালের পুত্র। চন্দ্রপালदेननांशकः। রুদ্রপাল বিনয়পাল রণবীর দামোদররাজ-কম্মচারী। বলদেব বনবিহারী কন্দৰ্প শোভনপাল......বিনয়পালের পুত্র। যশোময় সিংহ...... দিলিরাজের সেনাপতি। শ্যাম সিংহ ...

गःশামন্ত্রশ্ব। শব্দাধক, দৈনিক পুরুষ, ভূত্য, দস্ক্য ইত্যাদি। खी। চতুরিকা.....ক্দ্রপালের স্ত্রী । ৈত্রবীত্রয়। বৃদ্ধা পরিচারিকা।

রণবীরের স্ত্রী।



ৰুদুপাল নাটক।



প্রথম অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

প্রান্তর।

ত্রিশূল হস্তে তিন জন ভৈরবীর প্রবেশ।

সকলে। জয় কালি, করালবদনি মা ! (ভূত ে বিশ্লমূল সংস্থাপন।)

প্রথম। বৃষ্টি, বজাঘাত, যুদ্ধ, তিনের আজ স্থদংযোগ হয়েছে।

দ্বিতীয়। আরম্ভ হয়েছে চতুর্দশীতে, শেষ হবে অমাবস্যায়।

তৃতীয়। যুদ্ধ শেষ হলে শ্মশানে রুদ্রপালের সঙ্গে আমাদের সাক্ষাৎ হবে।

(নেপথ্যে দুরে আরতি বাদ্য।)

প্র। চল আমরা শীঘ্র যাই, ভগবতী চামুণ্ডার পূজা আরম্ভ হল।

হি। শনিবার, অমাবস্যা, আকাশ গাঢ়মেঘাচ্ছন্ন, আজ ভগবতী চামুগুার পূজার উত্তম দিন। শীঘ চল।

সকলে। শীঘ্র চল, যবা বিশ্বদলে আজ মায়ের পূজা করিগে। জয় কালি, করালবদনি মা!

[সকলে নিক্ষান্ত।

দ্বিতীয় গর্ভাঙ্ক।

শিবির।

সূর্য্যপাল, ইন্দ্রপাল, ও দামোদরের প্রবেশ।

স্থা। ঐ এক জন আহত দৈনিক আসছে। ইহার নিকট ভালকপ যুদ্ধের সংবাদ পাওয়া যাবে এথন।

চন্দ্রপাল, এক জন দৈনিক ও এক জন প্রহরীর প্রবেশ।

সৈনিক, তুমি অত্যস্ত আহত হয়েছ। বড় কণ্ট পাচ্ছ? কিন্তু যে পরিমাণে কন্ট পাচ্ছ তদ্ধিক গৌরব লাভ করেছ।

সৈনি। আমি সব কণ্ট ভূলতে পারি যদি মহারাজ মনে করেন আমি আপুন কাজ করেছি।

চক্র। মহারাজ, আপনি যথার্থ বলেছেন। এ ব্যক্তি বেশে সামান্য দৈনিক বটে, কিন্তু যুদ্ধক্ষেত্রে মহাযোদ্ধার ন্যায় আচরণ করেছে। শত শত্রু বেষ্টিত হয়েও আজ শুদ্ধ 🗪 বাহুবলে আত্মরক্ষা করেছে।

স্থা। ধন্য বীরপুরুষ! তুমি যুদ্ধের অবস্থা কিরূপ দেখে এসেছ?

দৈনি। অনেক ক্ষণ অবধি উভয় পক্ষের সমান যুদ্ধ হয়ে আসছিল। বোধ হল যেন হ ব্যক্তি সাঁতরে ক্লান্ত হয়ে পরম্পারকে জড়িয়ে ধরে পরস্পরের যদ্ধ বিফল করছে। শেষে হুরাচার যবনদৈন্যাধ্যক্ষের প্রতি সৌভাগ্য প্রসন্ন হতে লাগলেন। কিন্তু কিছুতেই কিছু হল না। আমাদিগের ভয়হীন দৈন্যাধ্যক্ষ মহা-শয় ভাগ্যকে তুচ্ছ করে, শত্র-বৃহি ভেদ করে একেবারে এসে হুরায়্মার সম্মুথে দাঁডালেন আর দেথতে দেথতে তার পাপ-শ্রীর দ্বিওও করে কেললেন।

স্থা। ধনা মহাবীর রুদ্রপাল। তার পর?

দৈনি। মহারাজ শুরুন, যে দিকে স্থ্য উদয় হবে মনে করেছিলাম, সেই দিক হতে মহা ঝড় উঠল। আমাদের জয় হয় আর কি, এমন সময় যবনরাজ ন্তন এক দল ফৌজ সঙ্গে ন্তন উৎসাহের সহিত আমাদিগকে আক্রমণ করলে। স্থ্য। এতে কি আমাদের দৈন্যাধ্যক্ষ ক্ত্রপাল ও বিনয়পাল ভয় পেয়ে গেলেন?

সৈনি। কাল সর্প দেথে যেমন ময়ূর, আর বিড়াল দেথে যেমন সিংছ ভয় পায়। তাঁরা যেন দিতীয় ভীমার্জুনের মত দিতীয় কুকক্ষেত্রের যুদ্ধ আরম্ভ করলেন।

সূর্য্য। দৈনিক, তুমি দেখতে দেখতে ছর্বল হয়ে পড়লে। যাও ইহার চিকিৎসার ব্যবস্থা করে দেও গিয়ে। ভগবান তোমাকে বাঁচিয়ে রাখুন, তুমি বীরের যোগা পারিতোষিক পাবে।

[একজন প্রহরীর স্বন্ধে হস্ত দিয়া দৈনিকের প্রস্থান।

বলদেবের প্রবেশ।

দামো। বীর বলদেব আসছেন। দেখলে কি ব্যস্ত বলেই বোধ হর। বৃহৎ ঘটনার সংবাদ যে নিয়ে আসে তার এইরূপ ভাবই বটে।

স্থা। যুদ্ধের সংবাদ কি ?

বল। যবনরাজ কি যুদ্ধই আজ আরম্ভ করেছিল, একে তাহার সৈন্য গণে শেষ করা যায় না, তাতে আবার বিশ্বাস-ঘ—ক মহামাত্র * ধুমকেতু তাহার সহায়তা করেছে।

স্থা। শীঘ্র বল যুদ্ধ কেমন করে শেষ হল।

বল। যে যুদ্ধ-স্থলে উপস্থিত ছিল সেইই মনে করেছিল নিশ্চিত যবন-রাজেরই জয় হবে। কিন্তু জয় দস্তের সহচর নয়, ধীর বীরত্বের। রুদ্রপাল যাহাদের সেনাপতি কে তাদের পরাস্ত করতে পারে? মহারাজ, আমাদেরই জয় হয়েছে।

স্থা। আজ আনন্দের সীমা নাই!

বল। যবনরাজ সন্ধি প্রার্থনা করেছেন।

স্থা। যুদ্ধের সমুদায় ব্যয় না দিলে আমাদের হস্তগত মুসলমানদিগকে কথনই ছেড়ে দেব না। ধৃমকেতু আর গোপনে রাজ্যের মূল ক্ষয় করতে পারবে

^{*} মহামাত্র—প্রধান রাজ-পুরুষ।

না। ছরাচার বিশ্বাস্বাতক সমুচিত প্রতিফল পাবে। যাও বলদেব, রুদ্র-পালকে বল গিয়ে আমি তাঁর বীরত্বে সম্ভুঠ হয়ে তাঁকে মহামাত্রপদ দিলেম।

বল। যে আজো।

[প্রস্থান।

স্থ্য। বিষর্ক্ষ উৎপাটিত করতে বিলম্ব করবে না, অমৃতর্ক্ষের প্রতি যত্নের ক্রটি করা অহ্নচিত।

[সকলে নিষ্কুান্ত।

তৃতীয় গর্ভাঙ্ক।

ग्रमान।

বিচ্যাৎ ও বজাঘাত। ভৈরবীত্রয়ের প্রবেশ।

প্র। কোথায় গিয়েছিলে, বোন?

দি। পিণাক নামে একজন ব্রাহ্মণ শব সাধন করছিল, আমি তাকে সাহায্য করতে গিয়েছিল । আমি না গেলে তার সাধন ত হতই না, প্রাণটীও যেত। শবটী বারম্বার থাড়া হয়ে উঠতে লাগল। আমি ভগবতী চামুণ্ডার প্রসাদী মহিষরক্তে শবের কপালে কালীমূর্ত্তি এঁকে দিলাম, অমনই সমুদ্য দোষ খণ্ডন হল। ঠিক ত্রাম্পর্শের সময় ব্রাহ্মণের সাধন স্কুসিদ্ধ হল।

ত। বেশ করেছ, বোন।

প্র। বোন, তুমি কোথায় ছিলে?

দ্বি। সিন্ধ্তীরে বদে চোক বৃজিয়ে কৈলাস পর্বতের শোভা দেথছিলাম।

ভূ। দেখ দেখ, সেই মেঘথান হতে বক্ত বৰ্ষণ হচ্ছে।

প্র। মেঘথান স্থ্যপালের সিংহাসনে উঠবার দিন জন্মে, সেই অবধি আজ ত্রিশ বৎসর কাল আকাশে ঘুরে ঘুরে বেড়াচ্ছে, আজ রক্তবৃষ্টিতে পঞ্চনদে পড়ছে। বড় অলক্ষণ।

বি। আমাদের কাছে অলক্ষণ আর স্থলক্ষণ ছইই সমান। মান্ধের স্থে ছংধে আমাদের কি এসে যায় ?

কুদুপাল নাটক।

- छ। कि श्रव वन सिविश
- প্র। এটা সার ব্রুতে পারি নে?
- দি। যা হবে আমরা স্বাই জানি।
- প্র। অধর্মের প্রথমে জয় হবে।
- ত। তার পরে অধর্মের ক্ষয় হবে।
- था । अर्थाभानक नित्य है जानि ।
- ত। কুদুপাল আসছে।

রুদ্রপাল ও বিনয়পালের প্রবেশ।

কতা। এমন স্থাদিন ও জ্পিনি আমি কখনও দেখিনি। রক্ত রৃষ্টি হচ্চে। বিনা তাই বটো বিজ্যতের আলোতে দেখলেম তোমার খেত শিরস্কাশ বিন্দু বিন্দু রক্তে চিত্রিত হয়েছে।

রুদ্র। এই ভীমবেশা স্ত্রীলোক গুলি কারা? রক্তরৃষ্টির সঙ্গে এরা আকাশ ছতে নেমে এসেছে নাকি? স্ত্রীলোকের আকৃতি, পুরুষের ভাব! কে তোমরা ?

- প্র। এস, স্নোপতি রুদ্রপাল!
- দি। এস, মহামাত্র কদপাল।
- ত। এস, ভাবি-মহারাজ রুদ্রপাল।

বিন। এমন স্থাপনে চমকে উঠলে কেন? তোমরা কি মানবী না নিশাচরী? তোমরা সেনাপতি মহাশয়কে নৃতন পদে ভূষিত করলে, আরও বড় হবার আশা দিলে। তোমরা কি ভবিষ্যতের গূঢ় প্রদেশ দেখতে পাও? আমার সম্বন্ধে কিছু বলতে পার কি ?

- প্র। তুমি ক্রপাল অপেকা ছোটও থাকবে, বড়ও হবে।
- ত। তুমি রাজা হবে না কিন্তু রাজার জন্মদাতা হবে।

সকলে। এপন বিদায় হই। আমর। ভবিষ্যং জানি কিন্তু কারও ভাল কি মন্দ করি না। (গমনোদ্যত)

কদ। অস্পষ্টভাষী বিক্তরপিনী স্ত্রীলোকগণ! দাঁড়াও আরও শুনতে চাই। আমি দেনাপতি বটে, কিন্তু মহামাত্র কেমন করে? আর রাজা হওয়া অসম্ভব অপেকাও অণিক। বল তোমরা এ সব কেমন করে জানলে ? বলতে হবে।নাবললে ছাড়ব না।

[ভৈরবীদিগের প্রস্থান।

বিন। এরা কোথায় গেল? অন্ধকারে মিশে গেল, না মেঘে উঠে গেল ?

রুদ্র। আর একটু থেকে গেলে ভাল হত।

বিন। এরা কি বাস্তবিক এইথানে ছিল, না আমরা জাগ্রত অবস্থায় স্বাগ্ন দেখছিলাম ?

কদ্র। বিনয়, তোমার সন্তানেরা রাজত্ব পাবে।

বিন। তুমি নিজে রাজা হবে।

কন্দ। তুমি ঠিক ভনেছ?

বিন। প্রতি বর্ণ স্পষ্ট করে শুনেছি। কে আসছে।

বলদেব ও কন্দর্পের প্রবেশ।

বল। সেনাপতি মহাশয়, মহারাজ আপনকার জয়ের সংবাদ পেয়েছেন। নিজের হিত সাধন অপেক্ষা আপনকার গৌরবর্দ্ধিতে তাঁর অধিক আনন্দ হয়েছে।

কন্দ। কি দিলে আপনকার যথোচিত পারিভোষিক হবে, মহারাজ এখ-নও স্থির করতে পারেন নাই। তবে আপাততঃ আপনাকে মহামাত্রপদে নিযুক্ত করেছেন। মহামাত্র মহাশয়, চলুন, মহারাজ আপনকার জন্য অপেকা করছেন, আমরা আপনাকে এগিয়ে নিতে এসেছি।

ক্ষুত্র। (স্বগত) এদের কথা অদ্ধেক খাটল বে। (প্রকাশে) তোমরা কেন আমাকে অন্যের হস্তগত ধনে ধনী করছ?

কন্দ। ধ্মকেতু এথনও জীবিত আছে, কিন্তু তার বিশ্বাস্থাতকতা সপ্রমাণ হয়েছে—তার পদ গিয়েছে, জীবন যেতে বাকী আছে।

কন্দ। (স্বগত) সেনাপতি—মহামাত্র—উচ্চতম পদটী তার পরে। (প্রকাশে) আমার প্রতি মহারাজের অত্যস্ত অন্ধুগ্রহ, চল মহারাজের নিকট যাই।(জনাস্তিকে বিন্যুপালের প্রতি)তোমার সম্ভানেরা রাজা হবে≀

বিন। (জনান্তিকে ক্রপালের প্রতি) তুমিও তবে সিংহাসন লাভ

করবে। কিন্তু এই অন্তুত স্ত্রীলোকেরা কতক সত্য বলে ও অন্ন লাভ দেখিরে পরিণামে আমাদের সর্ব্বনাশ করতে পারে।

কৃত্র। (স্বগত্ত) এরা কোথা হতে এল? কেন এমন বললে? এ ভাল, না মন্দ? মন্দও নয়, ভালও নয়। যদি মন্দ হত, কতক খাটবে কেন ? যদি ভাল হত, তা হলে এমন কুইচ্ছা মনে উদয় হবে কেন ? ইস! সর্কাঙ্গ সিহরে উঠল, বুক হুড় হুড় করছে। ভয় আর ক্কল্পনায় অন্য চিস্তা সকল গ্রাস করে ফেললে। যা নাই, তাইতেই আমার মন পরিপূর্ণ।

বিন। (স্বগত) সেনাপতি একেবারে চিস্তায় ডুবলেন দেপছি।

রুদ্র। (স্বগত) যদি ভাগ্য আমাকে রাজস্ব দেন, আমার বিনা চেষ্টা-তেই দেবেন। যার কল্পনাই এত ভয়ঙ্কর, তা কথনই করব না, করবার ইচ্ছা দূর হক। যা হবার তাই হবে, অতি কুদিনও চলে যায়।

বিন। তুমি কি ভাবছ? চল।

কদ। হাঁা, হাঁা, চল। আমার কি হয়েছে, আমি মাঝে মাঝে অন্যমনস্ক হয়ে পড়ি। কিন্তু কি ভাবি পরক্ষণেই ভূলে যাই। চল, চল কন্দর্প, তোমরা আমার জন্য অনেক কন্ত করে এত দূর এসেছ। আমার প্রতি তোমাদের এইরূপ ভালবাসাই বটে। ইহা চিরদিনের নিমিত্ত আমার স্মরণ-পটে
আঁকা থাকবে।

বল। চলুন। আমরা প*চাৎ প*চাৎ যাচ্ছি। কল। বাজা, নাগরা বাজা। (নেপথ্যে নাগরা বাদন)

ি সকলে নিজ্বান্ত।

চতুর্থ গর্ভাঙ্ক।

শিবির।

সূর্য্যপাল, ইন্দ্রপাল ও চন্দ্রপালের প্রবেশ।

সূর্যা। মাস্থ্যের মূথের আকারে মনের আকার প্রকাশ পায় না। ধ্য কেতৃকে আমি সম্পূর্ণ বিশ্বাস করতেম। তার এইরূপ আচরণ! ইন্দ্র। থ্মকেতৃ অনুতাপের সহিত প্রাণত্যাগ করেছে। জীবন ত্যাগই তার জীবনের মহন্তম কার্য্য বলে বোধ হয়। কেমন করে মরবে এটা যেন অনেক দিন ধরে অভ্যাস করেছিল। অতি সামান্য বস্তুর মত জীবন পরি-ত্যাগ করলে।

সূর্যা। বটে ! মৃত্যু মন্থোর বক্তভাকে সরল করে, মন্থোর চৈতন্য জনায়।

क़िल्मान, विनय्नान, कन्मर्भ ७ वनामत्वत व्यावन ।

এস, এস, কদপাল। তুমি যুদ্ধ জয় করেছ—আমি নিজে জয় লাভ করেলে আমার থেরূপ আনন্দ হত এতেও সেইরূপ আনন্দ হয়েছে। তোমার অন্তুত কীর্ত্তির তুলনায় আমার কৃত্তৃতা কিছুই নয়। তুমি যদি আমার এত উপকার না করতে তা হলে হয় ত কার্য্যদারা তোমার প্রতি যথোচিত কৃত্তৃতা দেখাতে পারতেম। আমি কিছুতেই তোমার ঋণ পরিশোধ করতে পারব না।

কৃদ্র। মহারাজের, ও মহারাজের সন্তান স্ততিগণের হিত সাধনই আমা-দের কর্ত্তব্য। সেই কার্য্য স্থচাক্তরপ সম্পন্ন করাই আমি যথেপ্ত পারিতোষিক জ্ঞান করি।

স্থা। আমি যাই করি না কেন, সে কেবল মহারুক্ষে বিন্দু পরিমাণে জল সেচন মাত্র। বিনয়পাল, তুমিও আমার কম উপকার কর নাই। তোমারও ঋণ শোধ করা আমার সাধ্য নাই। আমার সেহ মরুক্ষত্ত মাত্র, তোমাদিগকে সেথানে রোপণ করেছি। বলতে পারি নে যে তোমাদিগকে যথোচিত
ফুল ফলে স্থাোভিত করতে পারব, কিন্তু যত্ত্বের ক্রটি হবে না। এস ক্রু,
তোমাকে আলিঙ্গন করি। এস বিনয়, তোমাকে আলিঙ্গন করি। তোমরা
আমার ইক্র, চক্রের তুল্য।

কন্দ্র। (স্বগত) এত স্নেহ! হাদয় সাবধান, বিগলিত হইও না। তুমি পরাস্ত হলে হস্ত তুর্বল। আমার মনোগত ইচ্ছা তুমি যেন জান না। হস্ত যাকরবে তুমি তা দেখেও দেখনা।

স্থা। আজ রাত্রে আমরা তোমার দিক্তীর্থ ভবনে অবস্থিতি করব। রুদ্রপাল, তুমি আমাদের অর্থে ধাও। কৃদ্র। যে আজ্ঞা, এ দাসের আজ্ব সৌভাগোর সীমা নাই। আমি চল-লেম। সহিস, ঘোড়া প্রস্তুত কর।

প্রিস্থান।

স্থা। বিনয়, অদ্ধুদ রুদ্রপালের বীরস্ব। এঁর কীর্ত্তি যতই ভাবি ততই বিস্নায়ে মগ্ন হই। এঁর যেমন কীর্ত্তি তেমনই রাজভক্তি। আমার এমন পরম আত্মীয় আমার আর ছটা নাই। ইনি আমার হিতের জন্য জীবন দিতে সঙ্কৃতিত নন। যুধিষ্টিরের সহায় যেমন ভীম, তেমনই আমার সহায় মহাকীর্ত্তিমান রুদ্রপাল।

বিন। তার আর সন্দেহ কি? মহারাজ যার প্রশংসা করেন সে কি সাধারণ ব্যক্তি?

সূর্যা। চল আমরা মহামাত্রের বাটা বাই।

প্রস্থান।

পঞ্চম গর্ভাঙ্ক।

রুদ্রপালের প্রাসাদ।

চতুরিকার প্রবেশ।

চতু। (এক খণ্ড পত্র পঠি করিতে করিতে) "তাহারা ভবিষাতের কথা বলিতে পারে। তাহারা আমাকে মহামাত্র বলিয়া সম্বোধন করিল, পরক্ষণেই মহারাজের নিকট হইতে হুই ব্যক্তি আসিয়া আমাকে মহামাত্র পদ প্রদান করিল"। তুমি মহামাত্র হয়েছ? বেশ। "পরে তাহারা আমাকে ভাবি-মহারাজ বলিয়া সম্বোধন করিল"। তাদের মুথে ফুল চন্দন পড়ুক। তুমি রাজা হবে? আ, তা হলে চিত্রাঙ্গদার স্বোয়ামীর মাধা মুয়ে আমে কি না দেখব। "স্থুও স্কুআশা, এ হুইয়ের অংশ প্রণয়াম্পদ ব্যক্তিকে দিবার জন্য মন স্বভাবতঃই অধীর হয়। অতএব মহারাজের সহিত সাক্ষাৎ করিবার পূর্বেক তোমার নিকট এই সংবাদ পাঠাইলাম। অবশাই তুমি ইহাতে আহ্লাদিত হইবে"। তা আর বলতে? (সচিত্ত ভাবে) রাজা হবে, আখাস

দিয়েছে। কিন্তু কবে হবে, তার ঠিক নাই। হতে হলে শীঘ্র হওয়াই ভাল—
সহজ উপায় আছে। কিন্তু তোমার ননীর হৃদয়, তাইতে ভয় হয় পারবে
না। বড় হবার ইচ্ছা আছে, কিন্তু পথ গঙ্গা জলে ধোয়া না হলে তাতে চলতে
পার না। যা নেওয়া অন্যায়, তা অন্যায় উপায়ে নেবে না। তোমার
সেইটী থাকা চাই, যাতে বলে 'যদি পেতে চাও, তো এমনি করতে হবে '—
তাই করতে হবে, যা করতে ভয় কর, কিন্তু যা হয়ে গেলে মনে ভাব না যে না
হওয়াই ভাল ছিল। শীঘ্র এখেনে এস, তোমার মনে আমার সাহস ঢেলে
দি, বাক্যঅস্ত্রে তোমার আন্তরিক প্রতিবন্ধক সকল নই করি। ভাগ্য যে
পথ দেখিয়ে দিছেছে সেই পথেই চল।

একজন পরিচারিকার প্রবেশ।

পরি। মহারাজ আজ রেতে এখানে আসবেন।

চতু। তুই কেপলি নাকি ? যদি তা হত,তিনি এতক্ষণ সংবাদ পাঠা-তেন।

পরি। তিনি এলেন বলে। এক জন ঘোড় সওয়ার তীরকাটীর বেগে এসে হাঁপাতে হাঁপাতে থবর দিয়ে গেছে।

চতু। যাও, আহারের আয়োজন কর গিয়ে।

পরি। আপনার লক্ষীর ভাণ্ডার, এখনই মনে করলে রাজ্যির অর্চ্চেক লোককে থায়িয়ে দেওয়া যায়।

[প্রস্থান।

চতৃ। কাল প্রলে থরগস সিংহের গর্ত্তে প্রবেশ করে, ব্যাঙ্গ কাল সাপের গায়ে উঠে। স্থ্যপালের প্রহ আজ তার প্রতি বিমুথ হয়েছে। যা কিছু মন্দ ত্রিভ্বনে আছে, আমার সহায় হও, আমার স্ত্রীত্ব নাশ কর, আমাকে আপাদমন্তক নিঠুরতাময় কর। আমি যেন আমার স্বামীকে আজ কুপথে নেযেতে পারি।

রুদ্রপালের প্রবেশ।

এস, পূর্ব্বের সেনাপতি, এথনকার মহামাত্র, ভবিষ্যতের মহারাজ! তোমার পত্র পেরে আমি বর্ত্তমান কাল পেছনে ফেলে রেখে এসেছি। আমি এখনই ভবিষ্যতকে অমুভব করছি।

কুদ্রপাল নাটক।

রুদ্র। স্থ্যপাল আজ রাত্রে এথানে আসছেন।

ठञ् । यादिन कदि,—मनन कदिर्हिन ?

कृष्। काल।

চতু। সে কাল কথনই আসবে না। তোমার চেহারার আশ্চর্যা ব্যাপার আঁকা রয়েছে। সময়ের মত দেখাতে হবে। চকু, হস্ত, মুখ মধুর শিষ্টাচারমর হবে। লোকে যেন ফুলটা দেখতে পার, তার নীচের কাল সাপ যেন তাদের চোখে না পড়ে। আমি যা বলব তাই কর, বলও না যে পারব না।

রুদ্র। এ বিষয়ে পরে কথা হবে এখন।

চতু। সাবধান, যা মনে আছে তা যেন মুথে প্রকাশ না পায়, আর যা মুখের তা যেন মনে প্রবেশ না করে। মুখের পরিবর্ত্তন অপেক্ষা আর গয়েলা। নাই।

ক্ত্র। তোমার কথাগুলি আমার গুরুমন্ত্র। যা বললে অন্যথা হবে না। [উভয়ে নিষ্কৃত্যি ৷

ষষ্ঠ গর্ভাঙ্ক।

कृष्पारमत आत्रारमत मसूथ।

সূর্য্যপাল, ইন্দ্রপাল, চন্দ্রপাল, বিনয়পাল, কন্দর্প, বলদেব, বনবিহারী ও রক্ষকগণের প্রবেশ।

স্ধা। আকাশ অনেক পরিকার হয়েছিল, শুদ্ধ ছেয়ে মেখ মধ্যে মধ্যে নক্ষত্রগণকে অর্দ্ধেক তেকে রেখেছিল। বাতাসের দমকা, অনেক ক্ষণ পরে পরে আসছিল। মনে করেছিলাম ছর্যোগ ছেড়ে গেল। পুনর্বার দেখ পূর্বাদিকে কি যোর কাল মেঘ উঠেছে।

বন। এক এক বার দড়ার মত বিহাৎ খেলছে আর মেঘের কি ভরস্কর ভাব হচ্ছে।

বিন। দেব-চরিত্র ব্রা ভার। আমারা ক্লুপালের বাড়ীর দামনে এসেছি। ঐ দেউড়ির ভিতরের আলো দেখাযাকেছে। পূর্যা। কে এ দিকে আসছে ? চল আসর। একটু হেঁটে চলি। মেৰ সেন এক পুৰ্ক্তর অস্করের ন্যায় ছই হস্ত প্রসারিত করে মহাবেগে চলে আসছে আর নক্ষত্রগণকে গ্রাস করছে। ঝড়ের ডাক শুনতে পাচ্ছনা? ঐ হু ছ করছে। ক্রমেই বাড়ছে, ক্রমেই বাড়ছে। কে কি বলছে? শোনা যায় না।

রুদ্রপালের প্রবেশ।

কদ। আস্থন মহারাজ, আপনার পক্ষে এ সামান্য কুটীর।

সূৰ্য্য। এই যে মহামাত, ভাল সময় আমরা এসে পৌছেছি। সাৰ কিছুবিলয় হলে আমাদের কি অবস্থাই হত।

কুদু। আস্থন, আমাদের ঐশ্বর্যা মান সম্দ্রই আপনারই, কারণ আপনি এসব দিয়েছেন। ভক্তি শ্রদ্ধা, যা কিছু আমাদের নিজস্ব তা স্বেচ্ছাপূর্ব্বক আমরা আপনাকে দিয়েছি। অতএব আমাদের যা কিছু সমুদারই আপনারই। আপ-নার বাটীতে আস্থন, আজ আপনার দাস প্রভুর সেবা করে কৃতার্থ হবে।

সূর্য্য। রুদ্পাল, তোমার ভক্তি ও যত্ন দেখে আমি চমৎকৃত হলেম। চল তোমার বাটীতে প্রবেশ করি। কি ডাকছে ? অতি কর্কশ রব।

বিন। পেঁচা।

রুদু। এই বাটীর উপরে একজোড়া পেঁচা বাসা করেছে। অতাস্ত বিরক্ত করে।

স্থা। ভয়ানক ঝড এল। [নেপথো অনেকগুলি কাকের রব।]

বিন। এই কাকগুলো গাছে ঘুমচ্ছিলো, ঝড় পেয়ে ডেকে উঠেছে। মুষল ধারে বৃষ্টি পড়তে আরম্ভ হল, তীরের মত গায়ে লাগছে।

[সকলের বেগে গমন ও সূর্য্যপালের পতন।]

সকলে। মহারাজ পড়ে গেলেন—আ, হা, হা।

विन। डेर्डन, डेर्डन, डेर्डन।

স্থা। ধরে তুলতে হবে না। আমি আপনিই উঠছি।

রুদু। (স্বগত) প্রবেশ করতে পতন, প্রবেশ হলে এরও অধিক। এখন সকলে জা, হা, হা, করে উঠেছে, এর পরে সকলে হাহাকার করবে। र्श्या। कांक छटनां कि त्यां डा डांक्ट ।

রুদু। (স্বগত) ডাকছে কেন, এখনই জানতে পারবে। (প্রকাশে)
আমি কাল এই গাছটা কেটে ফেলব। মহারাজ, বেদনা পেয়েছেন কি?

र्था। ना, कि इंटे नय।

কজ। (স্বগত) পান নি, পাবেন। তা পেয়ে আর 'কিছুই নয়' বলতে হবে না।

ि मकरल निक्षां छ।

সপ্তন গৰ্ভাঙ্ক।

অন্ধরময় গৃহ।

জ্বন্ত মশাল ও আহারীয় দ্রুব্য হস্তে চুই জন ভূত্যের প্রবেশ।

প্র। দেখ্ ভাই, যেমন জিনিষ তেমনই রয়েছে। রাজা হলে কি না থেয়ে থাকতে পারে? বিধেতা তোর এমনই বিচার বটে! যে ইচ্ছে করলে খাবার জিনিষের পর্বত বানাতে পারে, দে কি না কিছুই থেতে পারে না। পোড়া কিথে কি আমাদেরই জন্যি হয়েছে? ভাল জিনিষ এক দিনও পেট ভরে থেতে পেলেম না।

ৰি। দেখ্, রামা ব্ঝি ভাল হয় নি তাই রাজামশয় কিছুই ছোন নি।

প্র। তোর কথা থাটল না। সেনাপতিমশার রাঁছনী বামুনরা ষে রাঁধে, আদ কোশ তফাতে গন্ধ পেয়ে লোকের জীবের জলে নদী বয়ে যায়।

বি। তুই বড়ই বৃদ্ধির কথা বলি! রাজার মুখ আরে অন্যি লোকের মুখ তুই সমান করলি? অন্যি লোকের যা ভাল লাগে তা যদি রাজার ভাল লাগবে, তবে তাকে রাজা বলি কেন?

প্র। যাক ভাই, রাজামশায় থান নি তাতে আমাদেরই লাভ। আজ একবার ভাল ভাল জিনিষ সাধ মিটিয়ে থেয়ে নেব। দেথ্ভাই, তোর হাতের এই মোহনভোগ স্বথানি ভোষ আমায় ভাগ করে নেব, আর কাউকে দেব না।

দি। তবে চল, এখন ফুকিয়ে রাখিগে।

প্র। দেনা আমায় একটু, চেকে দেখি। (কিঞ্চিং গ্রহণ করিয়া আহার) আ—!

দি। আমিও একটু থেয়ে দেখি। (আহার) আ—, আজ জন্মটা সাথক হল। প্রাণ্ডল, চল, কে দেখতে পাবে।

[উভয়ে নিঙ্গুণন্ত।

রুদ্রপালের প্রবেশ।

ক্ষদ। (স্বগত) করে কেললেই যদি চুকে যায়, শীঘ্র শীঘ্র করাই ভাল। ছুরী বৃকে বসল, অমনই ইউলাভ হল, এইটাই হয়। এক মৃহূর্ত্তের কাজেই কাজের শেষ হয়—শুদ্ধ এই পৃথিবীতেই—পরকাল তুড়ি মেরে উড়িয়ে দি। কিন্তু এই পৃথিবীতেই পাপের দণ্ড হয়। যে বিষ অন্যকে দি সেই বিষ আবার আপানারই গিলতে হয়। ছুরী উচিয়ে বসিয়ে দেওয়া অতি সহজ—কিন্তু সে কার বৃকে? আপানার আশ্বীয় ও প্রভু, তাতে অতিথি—আমি কোথায় তাকে ককা করব, না আমিই তার কাল হব। শাস্ত্র নিষেধ করছেন, ধর্মা নিষেধ করছেন, আমার অন্তর নিষেধ করছে, হুর্যাপালের সদগুণ সকল নিষেধ করছে, সমুদায় জগং নিষেধ করছে—এগুই কি পেছুই?—তারা বলেছে আমি রাজা হব,—পঞ্চনদের রাজত্ব, পৃথিবীর ইক্রম্ব বললে হয়, কোটী লোক আমার প্রজা হবে—এগুতে হচ্ছে, এগুই—উ—হ! রক্ত জল হল।

চতুরিকার প্রবেশ।

চতু। মহারাজের আহার হয়ে গেছে—তুমি চলে এলে কেন?

রুদু। তিনি কি আমায় ডেকেছিলেন ?

চতু। হাঁ। তোমায় কেউ বলে নি?

কদু। (সাত্মনয়ে) আর এ কুপথে এগিয়ে কাজ নাই। ইনি সম্পুতি আমার মর্যাদা বাড়িয়েছেন। সকল লোকেই আমার প্রশংসা করছে। সেই স্থ্য কিছু দিন উপভোগ করি। চতু। (সক্রোধে) নেশার ঝোঁকে কি বড় ছতে চেয়েছিলে? এখন নেশা ছুটে গেছে আর সে ইচ্ছে নেই। বোঝা গেল, আমার প্রতি তোমার ভালবাসাও এমনই। যেটা ইচ্ছা করছ সেটা কাজে করতে তোমার সাহস হচ্ছে না। জীবনের সার রত্ন পেতে ইচ্ছা করবে, অথচ কাপুক্ষের মত এক পা এগোবে সাত পা পেছবে। একবার বলবে পেতে ইচ্ছা করে, অমনি আবার বলবে "সাহস হয় না"। মাছটা ধরবে অথচ জলে পা দেবে না।

রুদু। আমাকে অন্যায় তিরস্কার কর কেন ? মানুষে যা পারে আমিও তা পারি। তা ছাড়া যে করতে পারে সে মানুষ নয়।

চতু। তবে কেন মনের কথা আমার কাছে ব্যক্ত করেছিলে ? তা করতে কি তোমার পায়ে ধরে সেধেছিলাম ? বলি, তোমার যথন এ কাজ করবের ইচ্ছা ছিল তথন তোমার পুরুষত্ব ছিল। যা আছ তা হতে বড় হবার চেষ্টা করলে সে পুরুষত্ব আরও বৃদ্ধি হবে। তথন বলেছিলে সময় স্থান তুমি সবই করে নেবে। এথন সময় স্থান ছইই হয়েছে, এথন তুমি আপনি পিছপাও হছে। সস্তানকে স্তনপান করান কত স্থুথকর তা আমি জানি। আমি প্রতিজ্ঞা করলে সস্তানের মুথ হতে স্তন ছাড়িয়ে নিয়ে তাকে আছড়ে মেরে ফেলতে পারি। আমাকে যদি ভালবাস, যা বলছি কর গিয়ে।

कृप। यिन कार्यामिकि ना इय ?

চতু। নাই হল ? সাহস আলগা হতে দিও না, তা হলে নিশ্চয় কার্য্য সিদ্ধ হবে। স্থ্যপাল নিদা যাচ্ছে, তার রক্ষক ছদ্ধনের থাবার ছধের মধো এমনই এক বিষ দিয়েছি যে তাদের মাতার উপর বজাঘাত হলেও চৈতন্য হবে না। এখন তুমি কি না করতে পার ? আর তাদের ঘাড়ে দোষ চাপাতে কতক্ষণ?

কুদু। যা বললে তাই করব, আর পেছব না। তুমি যুদ্ধে শত কুদুপালকে প্রাস্ত করতে পার।

চতু। রক্ষক ছজনের হাতেও অস্ত্রে রক্ত মাথিয়ে রেথে এস। আর কাজ হয়ে গেলে আমরা কারাহাটি বাধিয়ে দেব। তা হলে কে না মনে করবে যে তারাই এ কাজ করেছে? যাও, যাও, যে হাতে অস্ত্র ব্যবহার করবে সেই হাতে রাজদণ্ড পাবে। তুমি ছায়ার ন্যায় নিঃশব্দে চলেছ? তোমার মনের ন্যায় পাও দৃঢ় হয়েছে, কার্য্য সিদ্ধ করতে পারবে বোধ হচ্ছে।

কদু। অন্ধর্কার গাঢ় হও। চক্ষু যেন হস্তের, হস্ত যেন অস্ত্রের ছ্কার্য্য দেখতে না পার। প্রতিজ্ঞা, তুমি নরকের অন্ধকারে আমার হৃদয়কে আচ্ছন্ন কর, আমার হৃদয়কে আমার নিকট গোপন রাথ। নরক, আমার হৃদরে এম, দেখও যেন দ্যা সেখানে প্রবেশ না করে।

। উভয়ে নিষ্কুণ্ড।

দ্বিতীয় অঙ্ক।

প্রথম গভাঙ্ক।

রুদ্রপালের প্রাসাদের প্রাঙ্গ।

ক্দু। (স্বগত) আজ বোধ হচ্ছে যেন বাড়ী, ঘর, দার, আকাশ, তার।
সম্দায়ই আমার দিকে চেয়ে রয়েছে। আনি ভীক নই তবুও ভয় হয় কেন?
কল্পনা, এত দ্ব এনে এখন শক্ষতা করও না। কে দেখছে আমাকে? সকলেই এতক্ষণে নিদ্রিত।

[নেপথ্যে] মহামাত্র মহাশ্য়!

রুদ্র। (সচকিতে) কে १—কে ?—কে ?

[নেপথ্যে] ভাবিমহারাজ! সম্বোধনে চিনতে পারলে?

কৃদ। (সভয়ে) আমি—আমি—রাজ-ভক্ত প্রজা—কে আমাকে রাজা —
স্থাপাল জীবিত থাকতে যে অন্যকে রাজা বলে, আমি তার শিরচ্ছেদন করি।
কে তৃই রাজশক ? না তৃই প্রেতভূমি হতে এসেছিস কুসম্বোধনে আমার কর্ণ
দগ্ধ করতে ?

বিনয়পালের প্রবেশ।

বিন। রাজভক্তিতে আমি কোন ব্যক্তি হতে কম নই, যদিও রাজভক্তি

দেখাবার ক্ষমতা তোমার আমা অপেক্ষা অধিক। আমি মহারাজের দাস, তোমার একান্ত অনুগত বিনয়পাল।

ক্জ। বিনয়পাল, তুমি, তুমি ? আমি এই শুতে যাচ্ছি। মহারাজ— (নীরব)

विन। भश्रतां वरत हु भ कत्रता रय ?

কৃদ। না, আমি শুতে যাচ্ছিলাম, তুমি এখনও জ্বেগে আছ?

বিন। মহারাজের কথা কি বলছিলে?

রুদ। বলছিলাম মহারাজ তো আমাদের সামান্য আয়োজনে বিরক্ত হন নাই ?

বিন। না, না। তুমি সৈথানে ছিলে না, তা হলে দেখতেন মহারাজ আছারের সময় কত আমোদ আহলাদ করেছেন। আহারাস্তে সকলকে নানাবিধ পারিতোষিক দিয়েছেন। এই মুক্তামালা তোমার স্ত্রীকে দিয়েছেন। এই হীরে-বসান তরবার তোমাকে দিয়েছেন। মহারাজ একক্ষণে নিজা গেলেন। বড় নিজা আসছে, আমিও শুইগে।

কৃত্র। যাও। তোমাদের বড়ই কপ্ত দিলেম, কিছু মনে করও না। বিন। কোন কপ্ত হয় নাই।

প্ৰিয়ান ৷

ক্স । গেছে। ইস্, এখনই ভাষে আমাকে খেয়েছিল আর কি প্রথমন কোন কথা বলে ফেলেছি মাতে এটার মনে সন্দেহ হতে পারে? বোধ হয় না। আমি যাই, বিনয়পালের মন ভাল করে তলিয়ে দেখা আবশ্যক। না, আমি সন্দেহ হবার মত কোন কথা বলি নি। এখন হলে হয়, পারলে হয়। পারব নাই বা কেন? এই যেন রক্ষকদের তরবার। (তরবারির প্রতি দৃষ্টি) স্থ্যপালের বড় অন্থগ্রহ, কিন্তু কিছুতেই আর পেছব না। এই যেন রক্ষকের তরবার মাটাতে রয়েছে। (তরবার ভূতলে সংস্থাপন) নিলেম। (পুনঃগ্রহণ) নি—লে—ম। (অন্ত ধারণান্তর নীরব হইয়া কিয়ৎক্ষণের পর) পারলেম না যে। এত বিলম্ব হলে পাছে জেগে উঠে। আন্ত নেওয়া ও কার্যা নির্মাহ এ ছইয়ের মধ্যে মুদ্তি চোক খোলবার সময় টুকুও খাকতে দেব না। এই যেন রক্ষকের তরবার রয়েছে—(উর্দ্ধে দৃষ্টি) এই যে শ্নো এক

থান তরবার, এর মূল আমার হাতের দিকে। এ আমারই জন্য। ধরি।
ধরতে পারলেম না। এ কি? দেখলেম, স্পর্শ করতে পারলেম না। এথনও
দেখতে পাচ্ছি। এই তরবারের মত স্পষ্ট দেখতে পাচ্ছি। আমার অস্ত্রও এই
রূপ শ্ন্যে উঠবে। দেখতে দেখতে এতে রক্ত কোথা থেকে এল? এ তো
ছিল না। আমার অস্ত্রও দেখতে দেখতে এইরূপ রক্তমাথা হবে—অস্ত্র নেব,
অমনই রক্তমাথা হবে। আর বিলম্ব নাই, সময় হয়ে এল। এথন প্রকৃতি
যেন মরে রয়েছে। এখন কুম্বপ্র মানবের মনকে কুপথে নেযাচ্ছে। নিশাচরেরা
আনন্দে চারিদিকে বেড়াচ্ছে—দস্থাগণ পথিকের বুকে ছুরি বসাচ্ছে—এখন
অন্ধকার, কুচিন্তা, ছম্বর্ম পৃথিবীতে আধিপত্য করছে। পৃথিবী, আমার পদশক্ষ

[নেপথ্যে ঘণ্টার শব্দ।]

কাল ঘণ্টা বাজল, স্থ্যপালের আসন্ন কাল উপস্থিত হল। মৃত্যু, তোমাকে ছর্ল ভ উপহার দিতে চললেম।

[নিজুান্ত ।

চতুরিকার প্রবেশ।

চতু। অর্দ্ধেক অনিচ্ছার সঙ্গে গিয়েছেন, তাইতে সন্দেহ হচ্ছে। আমিই করতেম, যদি স্থাপালের শোরার ধরণটা বাবার মত না হত। এ কি ? ও, পৈঁচা ডাকছে। ডাকবারই সময় বটে। কাজে প্রবৃত্ত হয়েছেন বুঝি, দোর ধোলা দেখছি, রক্ষকদের নাকডাকা এখান থিকে শোনা যাচ্ছে।

[নেপথ্য] কে, কে ওখানে?

চতৃ। হায়, হায়, সব বৃঝি পও হল—গোলমাল করে সকলকে জাগালেন বৃঝি। পাঁচ বছরের মেয়ের চাইতেও ভড়কো।

রক্তমাখা তরবারি হস্তে রুদ্রপালের প্রবেশ।

ক্ত । করেছি। কোনও শব্দ শোন নি?

চতু। পেঁচার ডাক আর বাতাদের শব্দ। তুমি কথা কইলে না ?

कृम। कथन?

Бजू। এই এখন।

কৃদ। আমি যখন নেবে আসি?

চতু। হাঁ।

কদ। ঐ শোন-ও পাশের যরে ওয়ে কে?

চতু। চক্রপাল।

রুদ্। (আপন হস্ত দেখিয়া) কি কুদৃশ্য!

চতু। তুনি কি বালক যে আপন হাত বৈদেখে ভয় পাচছ ? কুদৃশ্য কি ?

রুদ্র। এক জন ঘুমিয়ে ঘুমিয়ে বলে উঠল "খুন"—এক বার চোক মেলে দেখে তিন বার রাম নাম করে আবার ঘুনাল—আমি রাম নাম করতে গেলেম, জিব আড়িয়ে গেল—রাম নামে আমার বিশেষ প্রয়োজন, আমি রাম নাম করতে পারলেম না।

চতু। এমন ভাবনা মনে আসতে দিও না। তা হলে যে পাগল হয়ে যাবে।

ক্ষা কে যেন বললে, ''ক্রুপাল নিজিত ব্যক্তিকে খুন করলে, নিজিত
নির্দোবী ব্যক্তিকে খুন করলে—পরিশ্রমের, ত্রভাবনার শান্তিস্করপ যে নিজা
তা যেন ক্রুপালের নিকট না আসে।''

চতু। তুমি বলছ কি?

ক্রত। পুনর্ব্বরে বললে "ক্রন্তপাল নিজিত নির্দোধী জনের প্রাণ নষ্ট ক্রেছে, নিজা আর তার নিকট আসবে না।"

চত্। কে অমন কথা বলবে? তুমি এক জন বিখ্যাত বীরপুরুষ, মন সহজে দমতে দেও কেন? হাত ধুমে ফেল, সব চুকে যাবে। তরবার খান এখানে এনেছ কেন? শীঘ্র নিয়ে গিয়ে ঘরে রেখে রক্ষকদিগের গায়ে রক্ত মাথিয়ে এস।

ক্ত । আমি আর ওথানে ধাব না। যা করেছি তামনে হলে সর্বাঙ্গ কেঁপে উঠে। তাকের দেখতে আমি কখনই পারব না।

চতু। তুমি একবারে পদার্থশূন্য ? তরবার আমাকে দেও। ঘুমস্ত মানুষ আর মরা মানুষ এদের ছবি বললেই হয়। আকান রাক্ষণ দেখে ছেলে মানষেই ভয় পার। আমি তাদের গায়ে রক্ত মাথিয়ে আসি, তাদের ক্লেদোরটা চাপান চাই তো।

প্রিস্থান। দ্বারে আঘাত।

রুদ। কে দোরে ঘা নারে? আমার এ কি হল ? যে কোন শক্তেই ভয় হয়। ওহ! আমার হাত কি হয়েছে, দেখে চোক ঝলসে গেল। সাগরের সমুদ্র জ্বল দিয়ে ধুলে কি এ দাগ যাবে ? না, সাগর রক্তবর্ণ হয়ে যাবে, তবু এ দাগ যাবে না।

চতুরিকার পুনঃপ্রবেশ।

চতু। আমার হাতের রং তোমার হাতের মতনই, কিন্তু আমার মন তোমার মনের মত কচি নয়। [দারে আঘাত] দক্ষিণদিগের দারে কে যা নারছে? চল আমরা শুই গিয়ে। একটু জলেই এই জ্বন্ধ ধুয়ে যাবে? [দারে আঘাত] আবার সেই শক। চল আমরা শীঘ শুইগে, নইলে কেট পাছে আমাদের জেগে থাকতে দেখে কোন সন্দেহ করে। কি ভাবছ ? অত ভেব না, বলছি অত ভেব না। চল, আমি তোমার হাত ধুয়ে দিচ্ছি।

কৃদ্র। এ কর্ম করা অপেক্ষা আমার জন্ম না হওয়াই ভাল ছিল। ওহ আমার জ্ঞান চলে যাক, স্মরণ-শক্তি লোপ হক। [দারে আঘাত] সুগাঁপাল, এই শক্তিনে তুমি জেগে ওট। আ! তুমি জাগতে পারতে।

্ডিভয়ে নিজ্ঞান্ত।

তৃতীয় গভৰ্গাঙ্ক।

প্রাসাদ-তোরণ।

একজন দারবানের প্রবেশ।

দার। (দারে আঘাত) যা মার, ঘা মার, খুব ঘা মার। ঘা মার, ঘা মার, আরে থামেই না যে। কে তুমি ? এ যমের দক্ষিণ দার নয়, এখানে মরতে এদেছ কেন ? তুমি কি সেকরা ? জেয়াদা পান দিয়ে সোণা চুরী করতে বুঝি। না পুরুত বামুন, দেবতার নৈবিদ্যি দেখে জিবে জল আসত ? না গৌয়ালা, সাত সের ছ্ধে চোদ্দ সের জল দিতে ? (দ্বারে আঘাত) জালাতনই করলে যে। যাই হে যাই।

িদার উদ্যাটন।

রণবীর ও দামোদরের প্রবেশ।

রণ। তোমার মনিব উঠেছেন কি ? —এই যে এ দিকে আসছেন। নমকার।

রুদ্রপালের প্রবেশ।

क्छ। नमकात। धन तनवीत, धन नारमानत।

রণ। মহারাজ উঠেছেন কি?

ক্ষদ। এখনও উঠেন নি।

রণ। মহারাজ আমাকে অতি প্রত্যুষে আসতে আজ্ঞা করেছিলেন। আমার কিঞ্চিৎ বিলম্ব হয়েছে, স্থ্য প্রাতের মেণের ভিতর দিয়ে কিরণ দিতে আরম্ভ করেছেন।

রুদ। এস, আমার সঙ্গে মহারাজের ঘরে এস।

त्र। চলুন, আপনাকে বড় कष्टे দিলেম।

রুদ্র। কট কি? মহারাজের জন্য কট কট নয়, আনন্দ। (কিঞ্চিৎ অগ্রসর হইয়া) এই মহারাজের ঘরের দার।

রণ। আমার ডাকতে হয়েছে, কারণ মহারাজের আদেশ এই রূপ। প্রস্থান।

দামো। আজ প্রাতেই কি মহারাজ এ স্থান হতে যাচ্ছেন ? রুদ্র। হাঁ।

দামো। কি ভয়কর রাত্রি গিয়েছে! আমি যে ঘরে ছিলাম তারই পাশে একটা তালগাছ মূচড়ে ভেঙ্গে পড়েছে। কেউ কেউ বলছে আকাশে হাহাকার ধ্বনি শোনা গিয়েছিল। ভয়ানক ভূমিকম্পও হয়েছিল।

ক্ত। ভয়ানক রাত্রি বটে।

দামো। আমার বয়দে তো আমি এমন কাণ্ডটী কথনও দেখি নাই।

রণবীরের পুনঃপ্রবেশ।

রণ। সর্বনাশ হয়েছে, সর্বনাশ হয়েছে ! তা চথে দেখা যায় না, মুখে বলা যায় না।

क्ज उ नारमा। इस्त्रहि कि?

রণ। এমন ভয়ানক কাও আর হতে পারে না। কোন্নর-রাক্ষস মহারাজের জীবন অপহরণ করে পৃথিবীতে নরক এনেছে?

कुछ । कि वलाल ? जीवन अशहत करति ?

দামো। মহারাজের অমূল্য জীবন অপহরণ করেছে?

রণ। সচক্ষে দেখসে কি হয়েছে—দেখে চক্ষু দগ্ধ করসে। (উচৈচঃম্বরে)
কৈ কোপায় আছ, উঠ, উঠ, সর্কানাশ হয়েছে, সর্কানাশ হয়েছে— যুবরাজ উঠ,
উঠ। কুমার চক্রপাল, উঠ, দেখ কি সর্কানাশ হয়েছে, প্রলয়ের শেষ কাও
উঠে দেখ। বিনয়পাল, যুবরাজ, উঠ, উঠ।

[त्निभर्था (शानमान।]

রুদ্র। রণবীর, আমাদের বাড়ীতে এই হল?

রণ। যেথানে হক না কেন, নিষ্ঠ্র স্বার্থপরতা এর অধিক আর কিছুই করতে পারে না। বিনয়পাল, বিনয়পাল !

বিনয়পালের প্রবেশ।

কে আজ মহারাজের পবিত্র রক্তে পৃথিবীকে অপবিত্র করেছে।

বিন। রণবীর, বল তুমি মিথ্যা কথা বলেছ।

ক্ষুত্র। ছই দও পূর্ব্বে আমার মৃত্যু হত। এখন জীবন নীরস হল। জীব-নের স্থুথ, জীবনের স্থুধা শুথিয়ে গেল। মান সম্পত্তির কল্পতক্রর মূলোৎপাটন হয়েছে।

ইক্রপাল ও চন্দ্রপালের প্রবেশ।

रेख। कि अभवन घरते छ ?

রুদ্র। তোমরাজান না আজু আমাদের কি সর্বনাশ ঘটেছে! আমা-দের স্থেথের মূল এককালীন নষ্ট হয়েছে।

রণ। যুবরাজ, কুমার চত্রপাল, মহারাজকে কে মেরে ফেলেছে।

ইক্র। কে, রণবীর ? বল কে ? আমি এখনই তার সমুচিত প্রতিফল দিচিছ।

দামো। ছরাত্মা রক্ষক ছজন বোধ হয়—তাদের সমুদায় গায়ে ও তর-বারে রক্ত লেগে রয়েছে। তারা গোলমালে জেগে উঠে হতবুদ্ধি হয়ে ফেল ফেল করে তাকাতে লাগল।

রুদ্রপাল নাটক।

রুদ্র। যুবরাজ, আমি তাদের জীবিত রাথি নাই।

রণ। মারলেন কেন?

রুদ্র। কে বল দেখি রাগ, ধৈর্যা, প্রভুভক্তি, ঔদাসীন্য, এককালীন দেখাতে পারে ? মান্যে পারে না। রাজভক্তি আমার বিবেচনাকে অতিক্রম করেছে—এই মহারাজের মৃতদেহ, এই তাঁর প্রাণাপহারক ছ্রায়ারা, বলুন কে এ দেখতে পারে ? যার রাজভক্তি আছে, আর রাজভক্তি দেখাবার বাছবল আছে সে কথনই পারে না।

ইক্র। ভাই চক্র, তুমি কাঁদছ, এ কাঁদবার সমন্ত্র নয়, কাঁদবার স্থানও নয়। ছই ভাইয়ে এর পর গলা ধরাধরি করে হাহাকার করব।

বিন। এ অতি সন্দেহের বিষয়, বিশেষ অনুসন্ধান আবশ্যক।

রুদ্র। তুমি আমারই মনের কথা বলেছ। আমার বাড়ীতে এ ঘটনা হয়েছে! প্রমেশ্বর, তুমি সাক্ষী, আমি সম্পূর্ণ নির্দোষী।

বিন। প্রমেশ্বর জানেন কে দোষী কে নির্দোষী। অনুসর্কানে প্রকাশ পাবে।

ইন্দ্র। আমি এখন কাউকে বিশ্বাসও করতে পারি না, অবিশ্বাসও করতে পারি না—কারণ দোষী নির্দ্ধোষী উভয়েই বাহ্যিক হুঃখ দেখাতে পারে। এ রাজ্যে আর এক মুহুর্ত্তের নিমিত্তও নির্ভয়ে থাকা যায় না।

চক্র। এথানে মানষের মুথে হাঁসী হাতে ছোরা, যত নিকট সম্পর্ক ততই প্রবল শক্রতা।

ইক্র। চল, আমারা এমন স্থানে যাই যেথানে আমাদের পরম শক্রর শক্রতা যেতে পারবে না।

[দকলে নিজ্ঞান্ত।

চতুর্থ গর্ভাঙ্ক।

লাহোর, রাজ-পথ।

কন্দর্প ও রণবীরের প্রবেশ।

রণ। স্থ্যপাল গেছেন, পঞ্চ নদও রসাতলে গেছে। সকলেরই যেন পিতৃশোক উপস্থিত। বাপ মায়ের কান্না দেথে শিশু সস্তানেরাও কাঁদছে। হাট বাজার বাণিজ্য ব্যবসায় সব বন্দ হয়েছে—

কন্দ। কে বল দেখি পঞ্চনদ রাজ্য এমন করে শোকসাগরে ডুবালে? রণ। কন্দপাল ও কন্দপালের স্ত্রী বলছেন রক্ষক হজনের এই কাজ। কন্দ। সে গরিব বেচারিরা এ কাজে কেন প্রবৃত হবে?

রণ। তারা নাকি ইক্রপালের আজ্ঞামতে এ কাজ করেছে, আর ইক্রপাল নাকি শীঘ্র শীঘ্র রাজা হবে এই জন্য পিতৃহত্যা মহাপাতকে লিপ্ত হয়েছে।

কন্দ। তা যদি হবে পিতৃহত্যা করে বিদেশে যাবে কেন?

রণ। এথন নাকি তারা ভয় পেয়ে দেশ ছেড়ে পালিয়েছে। যিনিই এ কাজের মূল হন না কেন, লাভ হল ক্দুপালের। এরই মধ্যে তাঁর অভিষেক হয়ে গিয়েছে।

কন্দ। অভিষেক করলে 奪 ?

রণ। লোকের অভাব নাই, রুদ্রপালের পুরোহিত আর জন কতক চাকর সেথেনে উপস্থিত ছিল। কন্দর্প, যে দেশ ধর্ম পরিত্যাগ করেছেন তাহা সং লোকের বাসোপযোগী নয়। আমি পঞ্চনদ পরিত্যাগ করলেম। যদি মাতৃভূমিকে অধর্মের হস্ত হতে উদ্ধার করতে পারি ফিরে আসব, নচেৎ বিদেশ স্বদেশ হবে।

[উভয়ে নিজ্ঞান্ত।

তৃতীয় অঙ্ক।

প্রথম গভাঙ্ক।

লাহোর, রাজভবন। বিনয়পালের প্রবেশ।

বিন। (স্বগত) সেনাপতি, মহামাত্র, মহারাজ, সবই হলে। কিন্তু বোধ করি তোমার সৌভাগ্যের মূলে বোর অধর্ম রয়েছে। কিন্তু সে সৌভাগ্য তোমার সন্তান সন্ততিরা ভোগ করতে পাবে না। যদি সেই অন্ত,দ স্ত্রীলোক-দের কথা খাটে—তোমার সন্তম্ভে যথন খেটেছে আমার সন্তম্ভে কেন না ধাটবে?—তা হলে আমারও আশা আছে, তোমার অপেক্ষা বড় আশা আছে, আমার সন্তান সন্ততিরা রাজা হবে।

রাজবেশে রুদ্রপালের প্রবেশ। সঙ্গে দামোদর, ও অন্যান্য সভাসকাণ।

কৃত্য। এই যে বিনয়—তুমি অনেক দিন বাঁচবে, তোমারই কথা হচ্ছিল। তুমি শক্র বিনাশে আমার যেমন ডান হাত ছিলে, রাজ্য শাসনেও তুমি আমার ডান হাত হলে। বাপের কুসস্তান ইন্দ্রপাল, চন্দ্রপাল যথন কুআশায় পড়ে সন্তান-ধর্ম, মমুষ্যত্ব বিসর্জ্জন দিয়ে সেহসাগর স্থাপালকে অকালে পরলোকে পাঠালে, তথন আমি রাজ্যভার স্কন্ধে না নিয়ে কি করি। ভারতবর্ষে কেহ কথনও এমন হৃষ্ম করে নাই। এ হৃষ্মের উচিত দণ্ড আমরা তো ঠিক করতে পারি না, নিজে ভগবান পারেন কি না সন্দেহ। ইন্দ্রপাল দিল্লী গিয়েছে, চন্দ্রপাল কান্যকুজে গিয়েছে। ছ্রাচারেরা পিতৃহত্যায় একট্ও অমুতপ্ত না হয়ে দেশ বিদেশে বলে বেড়াছে আমার এই কাজ। এখনও পৃথিবী হতে ধর্ম এককালীন অন্তর্হিত হন নাই—যদি ধর্ম থাকেন—বলি—কে দোষী কে নির্দেষী প্রকাশ হয়ে পড়বে। এ বিষয়ে পরে কথা হবে। আজ

রাত্রে তোমরা সকলে আমার বাটীতে আহার করবে। সাবকাশ অভাবে তোমাদের বাড়ী গিয়ে নিমন্ত্রণ করতে পারলেম না । সকলে আমার নিমন্ত্রণ গ্রাহ্য করলে ?

বন। এ তো আমাদের পরম সম্মান। কে বলুন সম্মান পেতে অনিচ্ছুক।
দামো। মহারাজের অস্থাহ কত প্রকারেই আমাদের উপর বর্ষণ হচ্ছে।
ক্ষন্ত। বিনয়, শুনলেম তুমি বৈকালে নগরের বাহিরে যাবে। শোভন
নাকি তোমার সঙ্গে যাবে ?

विन। আজা, হাঁ। ना शिल नय वल (या टाफ्ट।

রুদ্র। রাত্রে আমার এথানে অবশ্য অবশ্য আসবে।

বিন। আজ্ঞা, হাঁ। রাজাজ্ঞা কে অবহেলা করতে পারে? কিন্তু আসতে এক আদৃদণ্ড বিলম্ব হতে পারে।

রুদ্র। যত শীঘ্র পার ফিরে আসবার চেষ্টা দেখও।

বিন। আজা, হাঁ। আপনার ভালবাসা আমাকে টেনে আনবে। আমার এখনই যেতে হবে।

কন্দ্র। আচ্ছা। তোমরা সকলেই যেতে প্রস্তুত যে? আচ্ছা, এস গে। আমি রাত্রি পর্য্যস্ত একাকী থাকি ? তা হলে তথন বন্ধুসমাগম অতি স্থমধুর বোধ হবে।

[রুদ্রপাল ব্যতীত সকলে নিষ্কান্ত।

লছমন্, তারা এসেছে ?

[নেপথ্যে] আজ্ঞা, হাঁ। তারা নীচেয় আছে।

কৃদ্র। তাদের ডেকে আন্। বড় হয়েছি, কিন্তু নির্বিল্ল হতে পারি নাই। আমি ভয় করি বিনয়পালকে—য়খন সেই অন্তুত রমণীরা আমাকে ভাবি-মহারাজ বলে সম্বোধন করে, তখন বিনয়পাল সেখানে ছিল—বিনয়পালের মনে সন্দেহ জন্মাতে পারে। সেই কৃদ্র বীজাক র সন্দেহ পরিণামে আমার কাল হতে পারে। তার সন্তানেরা রাজা হবে, যখন তার এমন আশা আছে, তখন আমি কেমন করে নিশ্তিত হতে পারি ? নিরীহ ভাবে সাপ য়য়ছে, স্থ্যোগ পেলেই ফণা ভূলে দংশন করবে। আমার রাজ-দও অন্যেকেড়ে নেবে! বিনয়পালের সন্তানিদিগের জন্য আমার হদ্য কল্বিত

করলেম, আপন শাস্তি-পাতে বিষ ঢেলে দিলেম, আত্মাকে নরকে ডুবালেম। তা হতে দেব না। পাপ-দাগরে ডুবেছি তো ভাল করে জুবি, একেবারে তলা পর্যান্ত যাই।

[নেপথ্যে] মহারাজ, তারা এসেছে। কদ। লছমন, বাইরে থাক্, আমি ডাকলেই আসবি। [নেপথ্যে] যে আজা। কদে। কোন ভয় নাই, ভিতরে এস।

पूरे जन मञ्जात প্রবেশ।

তোমরা কত দিন কারাগারে আছ ?

প্র, দ। আজ হুবছর সাত মাস।

কুদ্র। আর কত দিন গাকতে হবে ?

দ্বি, দ। আর হু বছর তিন মাস।

রুদ্র। আমি তোমাদিগকে কারাগার হতে মুক্তি দিলেম।

প্র, দ। এর আগে আমি জানতেম না যে মান্নুষের মনে দয়া আছে।

वि, म। মহারাজের দয়ার দীমে নেই।

রুদ্র। শুদ্ধ মুক্ত করলেম তা নয়, যত দিন জামি বেঁচে থাকব, তোমাদের প্রীবৃদ্ধি সাধনে ত্রুটী করব না।

প্র, দ ৷ মহারাজ, এ হতভাগাদের প্রতি আপনকার এত অমুগ্রহ কেন ?

কৃদ। বলছি শোন। আমি জানি তোমাদের অসাধ্য কিছুই নাই।

প্র, দ। আমরা কয়েদ হতে ডরাই নে, মরতেও ডরাই নে। কাজেই
কোন কাজ করতে পিছপাও হই নে।

রুদ্র। এ সাহসিকের যোগ্য কথা বটে।

দ্বি, দ। মামুষে আমাদের সর্ব্বনাশ করেছে, আমরাও প্রতিজ্ঞে করেছি
সুযোগ পেলেই মামুষের সর্ব্বনাশ করব—তাতে যা হবার তাই হবে।

রুদ্র। হাঁ, তোমাদের মনুষ্যত্ব আছে—দৃঢ়তাকে আমি অন্যান্য গুণের অপেক্ষা অধিক প্রশংসা করি। বিনয়পাল না তোমাদের ধরিয়ে দিয়েছিল ?

প্রা, দ। আপনি পঞ্চনদের ছন্দান্ত রাজা, আর আপনকার প্রধান কর্মচারী বিনয়পাল, আপনকার সাক্ষাতে বলছি বিনরপালকে একবার দেখব।

দি, দ। মারুষ ছই রকম, অধার্মিক আর বকা ধার্মিক। বকা ধার্মি-কের মত নষ্ট লোক আর হতে নাই। সেই বকা ধার্মিকের মধ্যে বিনয়-পালের বুড়ি মেলে না।

কৃত্র। তোমরাই আমার ইচ্ছামুসারে কার্য্য করবার যোগ্য পাত্র। বিনয়পাল যদিও আমার প্রধান কর্মচারী, তথাপি আমি সমস্ত অস্তরের সহিত তাকে মুণা করি। তার বেঁচে থাকা আমার মৃত্যুস্বরূপ। তার জীবনের প্রতি পলক আমার ছভাবনার একটা একটা যুগ বললে হয়।

প্র, দ। আজ্ঞা দিন, তিন দিনের মধ্যে বিনয়পালকে সরাচ্ছি।

রুদ্র। আজই।

वि. म। (य आड्डा। मन्ना इटल इय।

রুদ্র। কেবল মূল-বৃক্ষ ছেদন করলে হবে না—ঝাড় সমেৎ নির্দ্মূল করা চাই।

প্র, দ। যে আজা।

রুজ। বিনয়পাল আর শোভনপাল গেলে আমি নির্বিল্ল হই। তার পর আর্থ চাও, পদ চাও, যা চাইবে তাই আমি তোমাদিগকে দেব—যে রূপ বড় হতে কথনও আশা কর নি, স্বপ্লেও ভাব নি, তোমাদিগকে সেই রূপ বড় করব। এখন ও দিকে গিয়ে বস, আদ দও পরে আমি এসে বলে দিচ্ছি কোথায় এবং কখন কার্য্য নির্বাহ করতে হবে। দেখ, পঞ্চনদের রাজা তোমাদের নিকট আপন অন্তরের অন্তরতম প্রদেশ খুলে দেখাচ্ছে, কাজের পূর্ব্বে কি পরে ইহার বিন্দু বিস্গতি যেন প্রকাশ না হয়, যদি প্রকাশ কর আমি এমন যন্ত্রণার সহিত তোমাদের প্রাণদও করব যে তা মনে করতে গেলে তোমাদের অসাড় হ্লয়ও কেঁপে যাবে।

প্র, দ। হাড়িকাটে মুগু দিয়ে বুকে পাথর চাপালেও একটা কথা জীবের আগায় আনব না—প্রাণ যাবে তবু পেটের কথা মুথে আসবে না। আমরা বাইরে গিয়ে বসি।

রুদ্র। যাও, আমি এথনই আসছি—বিনয়পাল, স্বর্গেই যাও আর নরকেই যাও, আজ রাত্রেই যেতে হবে।

[সকলে নিষ্ক ান্ত।

রুদ্রপাল নাটক।

দ্বিতীয় গভাঙ্ক।

রাজ-ভবন, অন্তঃপুর।

চতুরিকার প্রবেশ। সঙ্গে ভৃত্য।

চত। বিনয়পাল চলে গেছে কি ?

ভূত্য। আজ্ঞা, মা ঠাকুরাণি। রেতে আবার আসছেন।

চতু। যা, মহারাজকে বলগে যা, তাঁর সঙ্গে আমার সাক্ষাং করার প্রয়ে-জন আছে।

ভতা। যে আজা।

প্রস্থান।

চতু। লাভ হল, মনের স্থুখ গেল। এ তো লাভ নয়, সর্কান্ধ থোয়ান। মারা অপেক্ষা মরা ভাল যদি তাতে ছির সৌভাগ্য লাভ না হয়। এই যে আস্চেন,—অনাহারে অনিজায়ও মানুষের এমন থারাপ চেহারা হয় না।

রুদ্রপালের প্রবেশ।

এস, তুমি একাকী থাক কেন? এথনও তোমার ছর্ভাবনা যায় নি? ছর্ভাবনার কারণ যে তারই সঙ্গে তার চলে যাওয়া উচিত ছিল। যে রোগের ঔষধ নাই, তার বিষয় ভেবে কেন মিছে সারা হও? যা হয়েছে তা হয়েছে।

রুদ্র। আমরা সাপ মারতে পারি নি, ঘেঁটিয়েছি মাত্র—আমাদের কেবল দংশনের ভয় বাড়িয়েছি। আহার করি, ভয়; জেগে থাকি, ভয়; নিদ্রা যাই, ভয়। মেরে শান্তি দিয়েছি, অশান্তি পেরেছি। অন্তর থেয়ে ফেললে, ছিড়ে ফেললে, পুড়িয়ে ছাই করে ফেললে। স্থ্যপাল স্থ-ধামে গিয়েছে, সেথানে শক্রর ভয় নাই, বিশ্বাস্ঘাতকের ভয় নাই, বিশ্বাস্ঘাতকের ভয় নাই।

চতু। (হস্ত ধরিরা) আজ দশ জন তোমার বাড়ীতে আসবে, তারা তোমার চেহারা দেথে কি মনে করবে? তাদের হাসি গুদীর সঙ্গে আদর আহ্বান করবে, মিষ্ট কথার বাধ্য করবে—

কৃদ্র। তার ক্রটী হবে না।

हु। भन थिएक इर्जावनी मृत कत।

কৃদ। পারি নে যে। হুর্ভাবনা আমার মন কুরিয়ে কুরিয়ে থাচ্ছে—বিনর-পাল ও শোভনপাল এখনও জীবিত আছে।

চতু। তারা অমর বর পেয়ে আসে নি তো।

কদ্র। আশা আছে। দিন শেষ হল। আজ আকাশে ভালরূপে তারা উঠ-বার পূর্ব্বে, রাত্রিচর পক্ষী আহারাষেষণে বেরবার পূর্ব্বে, নগরের কোলাহল নিস্তম্ব হবার পূর্বের একটা ভয়ন্কর ঘটনা সংঘটিত হবে।

চতু। কি ঘটনা হবে ?

কদ। শুনে কেন পাপভাগী হবে? হয়ে গেলে তথন বলও "বেশ হয়েছে"। সর্ব্ধ-সংগোপনকারী অন্ধকার এস, পাপ-প্রকাশক দিনকে দূর কর, আমার মনোবাঞ্ছা পূর্ণ কর। তুমি আমার কথা শুনে আশ্চর্য্য হচ্ছ, কিন্তু এখন কিছু জিজ্ঞাস। করও না। পাপে যাহা লাভ করেছি, পাপে তাহা রক্ষা করতে হবে—দিন শেষ হল, অন্ধকার চেপে এল, নিশাচরগণ জাগ্রত হল, হুর্জনের হৃদয়ে সাহস এল, ক্দুপালের আশা সকল হতে চলল।

্উভয়ে নিজ্ঞান্ত।

তৃতীয় গৰ্ভাঙ্ক।

বৃক্ষ শ্রেণীর মধ্য দিয়া পথ।

তুই জন দম্যুর প্রবেশ।

প্র, দ। এই গাছের আড়ালে দাঁড়াই। এথনও পশ্চিম দিকের আকাশে
সিঁহ্রে মেঘ সম্পূর্ণ কাল হয় নি—পথিক সময়ে সরাইতে পৌছবার আশায়
বেগে চলেছে, পঁড়ে কি মরে জ্ঞান নাই। আমরা আমাদের শিকারের জন্য
তৈরার হয়ে থাকি।

দ্বি, দ। ঘোড়ার পায়ের শব্দ শোনা যাচ্ছে। [নেপথ্যে] আলো ধরে আগে আগে যা। প্র, দ। সেই বটে ?

রুদ্রপাল নাটক।

वि, म। त्मरे वर्षे।

প্র, দ। ঘোড়া হতে নেমে হেঁটে আসছে।

আলোক হস্তে এক জন ভৃত্যের প্রবেশ। পশ্চাতে বিনয়পাল ও শোভনপাল।

প্র, দ। (আন্তে) আলো নিয়ে আসছে।

দি, দ। সেই বটে। দেখতে পায় না যেন।

প্র. দ। আর একটু এণ্ডক।

বিন। আজ রেতে বোধ হয় বৃষ্টি হবে।

প্র, দ। হয়েছে, মার।

বিন। শোভন, পালাও, পালাও, পালাও—বিশ্বাস্বাতকতা—শোভন, এর শোধ নিও, ত্রাচার !—[পতন।]

[শোভনপাল ও ভৃত্যের প্রস্থান।

দি, দ। এক জন পড়েছে, ছেলেটা পালিয়েছে। আমাদের কাজের ভাল অর্দ্ধেক পণ্ড হয়েছে।

প্র, দ। চল, যা হয়েছে তারই সংবাদ দি গিয়ে।

প্রিস্থান।

চতুর্থ গর্ভাঙ্ক।

রাজ ভবন।

রুদ্রপালের প্রবেশ। সঙ্গে দামোদর, বনবিহারী ও অন্যান্য আহৃত ব্যক্তিগণ।

রুদ্র। এস, এস, তোমরা আজ অন্তগ্রহ করে এ বাড়ীতে এসেছ, আমার আহলাদের সীমা নাই। বস বনবিহারি, বস দামোদর—

বন। আপনি বস্থন, তার পরে আমরা বস্ছি।

কৃদ্র। তোমরা বস না, আমি বস্ছি, তায় দোষ নাই। এখন আমি তোমাদের চাইতে বড় নই, তোমাদের সমান। এখন তোমাদের নিকট রাজ-ভক্তি চাই না, চাই বান্ধব-মেহ। আমি দেখছি আর সকলে আসছে কি না?

রুদ্রপাল ব্যতীত সকলের উপবেশন।

বন। আমরা এখন মনের মত প্রভু পেয়েছি।

দামো। মহারাজ আমাদিগকে কিছুই দিতে বাকি রাথলেন না।

রুদ্র। লচমন্, খেতাভ, শিবশরণ, পান দে, তামাক দে; ভৃগুরাম, স্থগন্ধ জল ছিটিয়ে দে। এসেছ, আমি যাজিঃ।

এক জন দম্ব্যর দ্বারে প্রবেশ।

রুদ্র। (অগ্রসর হইয়া) তোমার মুথে রক্ত লেগেছে।

দস্ম। এ রক্ত বিনয়পালের।

ক্রদ্র। (চমকিত হইয়া) বিনয়পালের! গিয়েছে?

দস্তা। আজা, আমারই হাতে।

কৃদ্র। বেশ, বেশ। শোভনপাল গিয়েছে কার হাতে? তোমার হাতে যদি গিয়ে থাকে, কুদুপাল চিরকালের নিমিত্ত তোমার হাত্ধরা হয়ে থাকবে।

দস্য। মহারাজ, শোভনপাল পালিয়েছে।

রুদ্র। আমার আবার বিকার উপস্থিত হল। সুস্থ হতে পারলেম না।
যে ভগ্ন ঘরে বাস সেই ভগ্ন ঘরে বাস। সন্দেহ, ভগ্ন, ভাবনা পুনর্বার আমাকে
থিরে ফেললে। রাজা হয়ে কারাবাসী হলেম। সিংহাসনে বসব, মস্তকের উপর
বজ্র গর্জন করবে। রাজমুক্ট শিরে ধারণ করব কিন্তু সেথানে নিয়ত আগুণ
জ্ববে। বিনয়পাল তো বেঁচে উঠবে না ৪

দস্তা। এতক্ষণ তিনি চন্দ্রভাগার জলজন্তুর উদরস্থ হলেন।

রুদ্র। সর্পশিশু পালিয়েছে—এখনও তার বিষদস্ত উঠে নি, সময়ে তারই
দংশনে জ্বজ্ব হতে হবে। তুমি এখন যাও। কাল প্রাতে পুনর্কার এ
বিষয়ে কথা হবে। ওরে, পান তামাক দে।

দামো। মহারাজ, বদতে আজ্ঞা হক।

বিনয়পালের আত্মার প্রবেশ ও উপবেশন।

রুদ্র। আমার রাজ্যের গৌরব এইথানে উপস্থিত, কিবল বিনয়পালের না আসায় তাহার প্রধান অঙ্গের অভাব দেখছি। বিনয়পাল আমার প্রতি এত নির্দ্ধয়, তা আমি পূর্ব্বে জানতাম না।

বন। যদি না আসতে পারবেন তবে অঙ্গীকার করলেন কেন? মহা-রাজ বস্থন।

দামো। আপনি অমন করে চমকে উঠলেন কেন ?

রুদ্র। তোমাদের মধ্যে কে এ কাজ করেছ?

সকলে। কি কাজ মহারাজ?

রুদ্র। তুমি বলতে পার না আমি এ কাজ করেছি—আমার দিকে তাকিয়ে মাথা নেডে শাসাও কি ?

দামো। চলুন, আমরা যাই, মহারাজকে অস্তুস্থ দেখছি। এখানে এত লোক থাকলে পীড়া বৃদ্ধি হবে। [সকলের গাত্রোখান।]

একজন ভৃত্যের প্রবেশ।

ভূত্য। রাণী ঠাকুরাণী বলে দিলেন, আপনারা যাবেন না। মহারাজের এ রকম হয়ে থাকে, এথনই আবার স্কৃত্ব হবেন। আপনারা তাঁর কথায় মন দেবেন না, কোন কথাও বলবেন না, তা হলে রোগ বেড়ে যাবে।

রুদ। আমার করবে কি বল না, আমি তোমাকে ডরাই না।

· [কম্পন ও ্অজ্ঞান হইয়া পতন।]

[আত্মার প্রস্থান।

বন। ধর, ধর, ধর, মহারাজ অজ্ঞান হয়ে পলেন-

ক্রা (চৈতন্য লাভ ও গাত্রোখান।)

দামো। লেগেছে কি?

কৃদ্র। না, না, তোমরা উঠলে কেন? বস। আমার এই এক রোগ আছে—এ কিছুই নয়, যারা জানে তাদের কাছে কিছুই নয়—কিছুই মনে নাই—বস, বস, পান দে রে—

यन। द्यान अवध वावशांत करत थारकन कि ?

কৃত্র। কিছু না—তোমরা আর এ বিষয় ভেব না। সাজ আমার স্থাধের সীমা নাই, পঞ্চনদের মহাত্মা সকলেই এইখানে, শুদ্ধ বিনয়পাল না আসাতে মনে বিশেষ কষ্ট হচ্ছে—পরমেশ্বর করুন যেন তার কোন বিপদ না ঘটে থাকে। দূর হ, দূর হ, তুই এখানে কেন? পৃথিবি, একে ফুকিয়ে কেল, দেখতে পারি নে। তোর শরীরের সমুদার রক্ত বাইরে—চথে দীপ্তি নাই. অথচ আমার দিকে তাকিয়ে রয়েছে।

[নেপথ্য] লচ্মন্, এঁদের বল্, এঁরা যেন কিছু না মনে করেন—রোজই এই রকম হয়ে থাকে। তুঃথ এই যে এঁদের আমোদ আহলাদে বাগড়া পড়ল।

বন। মহারাজের দেরে ওঠাই আমাদের আমোদ আহলাদ।

কৃদ্র। মানষে যা পারে আমিও তা পারি। শিকার-হারাণ সিংহ,
কি তুর্জ্জন্ম অজগর সর্পের মৃর্ত্তি ধারণ করে আমার নিকট আয়, এই মৃর্ত্তি ছাড়া
যে মৃর্ত্তিতে হক না কেন আমার নিকট আয়, আমি ধবলগিরির ন্যায় অটল
থাকব—না হয় পুনর্জ্জীবিত হয়ে অস্ত্র ধারণ করে আমার নিকট আয়, ভয়ে যদি
আমার একবার পলক পড়ে আমার কাপুক্ষ নাম জগতে ঘোষণা করে দিস্।
দূর হ, শবরূপী প্রেত—দূর হ, ছায়ারূপী বিভীষিকা। [কম্পান।]

দামো। আবার বুঝি অজ্ঞান হয়ে পড়েন।

রুদ্র। আমি তোকে ডরাই না, নরক হতে যদি শত সহস্র পাপাস্থা উঠে আসে, আমি তাদের ভয় করি না।

[নেপথ্যে] লছ্মন্, বল্ আমি মহারাজের নিকট যাব। আমি না গেলে বারম্বার তাঁর এইরূপ হবে।

সকলে। রাজমহিষী এথানে আস্থন। আমরা চললেম। মহারাজ, আমরা আসি। কাল এসে যেন দেখতে পাই স্কুস্থ হয়েছেন।

প্রিস্থান।

চতুরিকার প্রবেশ।

চতু। তুমি কি মান্ত্য নও? কি দেখেছ যে একেবারে চলাচলি করে কেললে? ছি,ছি,ছি! সে দিন শ্ন্য তরোবার দেখলে, আজ দেখলে মরা মান্ত্য উঠে এসেছে—একেবারে অবাক করালে—চেঁচিয়ে চিলিয়ে, কেঁপে, অজ্ঞান হরে কি কাণ্ডটা করলে বল দেখি ? বুড় মান্তবের গল্পে এ সব শোনা যায় বটে, কোন কালে কেউ এমনটা করি নি। ছি, ছি, ছি!

কদ। এর পূর্বে মানষে মানুষ মেরেছে—মারলে মল, চুকে গেল। এথন কি না মরা মানুষ ভাঙ্গা মাথা নিয়ে আমাদের সন্মুথে উপস্থিত হয়, মাথা নেড়ে ভয় দেখায়, আর টপ টপ করে রক্ত পড়ে—ও—হ।

চতু। আবার দেখলে না কি?

কদ্র। আমাকে ধর, বিনরপাল আমার সমুদ্য মহুষ্যত্ব হরে নিলে। এও হতে পারে? হয়েছে। লোকে বলে মারলে মরতে হ্য-পশু, পক্ষী, গাছ, পাথর, এরাও খুনীকে ধরিয়ে দেয়—

চতু। দেয় দিলে তাতে কি ? তুমি করবে রাজ ব ? ভয় তোমার উপর রাজ ব করছে। স্থির হও, স্থির হও। শক্র আনেক, ইচ্ছা করে ভিতবে শক্র পুষ না।

ক্রদ। (স্থির হইরা) রণবীর আজ আসে নি । আমাদের নিমন্ত্রণ তার গ্রাহ্য হল না।

চতু। কেন আসে নি ওনেছ?

কদ। না। জানতে বাকী থাকবে না। আমার গয়েন্দা যে বাড়ীতে নাই, সে বাড়ীই নয়। আমি রক্তশ্রোতে নেমেছি, পার না হলে নিশ্চিস্ত হতে পারছি নে। ন্তন ন্তন হৃদ্ধের ইচ্ছা মনে উদয় হচ্ছে, আমি তা স্বই করব। হৃদ্ধনির্থিত হুর্গে আমার সৌভাগ্য অবস্থিতি করবে।

চতু। এখন তুমি মানবের মত কথা বলছ। মানবের মত কার্যাও কর। তুমি পঞ্চনদের রাজা, তোমার ক্ষমতা অসীম। সেই ক্ষমতা ভাল করে দেখাও। লোকে যেন তোমার নামে কেঁপে যায়, শুদ্ধ ভয়ে যেন সকলে তোমার বশীভৃত হয়।

রুদ্র। স্থ্যপাল গেছে, বিনয়পাল গেছে, এখন যাকে একটু দলেহ করব তারই সর্ব্বনাশ করব।

[উভয়ে নিজ্ঞান্ত।

পঞ্চম গর্ভাঙ্ক।

দামোদর ও এক জন সম্ভ্রান্ত লোকের প্রবেশ।

দামো। সবই আশ্চর্য্য — সময় আশ্চর্য্য, মামূষ আশ্চর্য্য, ঘটনা আশ্চর্য্য। স্থ্যপালের মৃত্যুতে রুদ্রপালের ছুংথের আর সীমা নাই। সস্তানে সিংহাসন লোভে সেহময় পিতাকে মারলে—কারণ তারা দেশাস্তরী হয়েছে। বিনয়পালকে মারলে—কে তাকে মারবে? তার ছেলে শোভনপাল—কারণ শোভনপাল পালিয়ে গিয়েছে। স্থ্যপাল গেল, দোষী হল তার সস্তানেরা! বিনয়পাল গেল, দোষী হবে তার পুত্র শোভনপাল। এখন রুদ্রপাল স্থথে রাজত্ব করুন। পিতৃঘাতী বালকেরা ন্যায়পরায়ণ রুদ্রপালের হাতে পড়ে তা হলে জানতে পারবে পিতৃহত্যার কি ফল। আবার শুনেছ রণবীর পদ্যুত হয়েছে কি জান্যে? পোসামোদ করে চলতে পারে নি আর নিময়ণ রক্ষা করে নি বলে। রণবীর কোথায় গিয়েছে তার আর কিছু কি শুনেছ?

স, লো। ইক্রপাল দিল্লীতে গিয়েছে। দিল্লীরাজ তাকে অত্যস্ত সমাদরের সহিত আশ্রম দিয়েছেন। রণবীরও সেইথানে গিয়েছে। তারা যত দিন সসৈন্য পুনর্কার পঞ্চনদে না আসবে, তত দিন আমরা নির্ক্তিরে আহার বিহার করতে পারব না। এখন কার প্রাণ যে কথন যায় কেউ বলতে পারে না।

দামো। কাল প্রাতে রুদ্রপাল রণবীরকে ডেকে পাঠিয়েছিলেন। রণবীর স্পষ্ট করে বললে " আমি যাব না।" মহারাজের লোক মৃথ ভারি করে ফিরে গোল।

স, লো । কাল বৈকালেই পরিবার শতক্র নদীর ওপারে সোরাঁও গ্রামে রেথে রণবীর দিল্লী চলে গেছে। প্রমেশ্বর তাকে রক্ষা করুন ও তার ইচ্ছা স্থাসিত্ব করুন।

मारमा। পঞ্চনদের কাল-রাত্রি শীঘ্র অবসান হক।

্উভয়ে নিজ্ঞান্ত।

ষষ্ঠ গভািক।

নরমুগু হত্তে একজন শ্বসাধকের প্রবেশ। সঙ্গে ভিববীত্তা।

শ, সা। সাধনের সময় তোমরা আমার কি না সাহায্য করেছ? এখন বল তোমাদের কি উপকার করতে হবে ?

প্র, তৈ। ধবল গিরির উত্তরে দ্বাদশ ক্রোশ গভীর গহ্বরের তলে একটা জিনিষ আছে, সেটি আমাকে এনে দিতে হবে।

শ, সা। সে জিনিষটি কি?

প্রা, তৈ। যথন মহাদেব স্তীর অপমানে ক্র্দ্ধ হয়ে দক্ষযক্ত নপ্ত করবার জন্য যাত্রা করেন তথন আপন মস্তকের একগাছ জটা ছিঁছে মাটিতে ফেলেন, সেই জটার বীরতদ্রের জন্ম হয়। সেই জটার তিন গাছ চুল ঐ গহরের তলে আছে। ওই চুলের বিতীষিকা জন্মাবার ক্ষমতা আছে সেই জন্য আমার তা প্রয়োজন হয়েছে। সেই গহরের তুষারে পরিপূর্ণ। তারই নীচে হতে আমাকে তিন গাছা না হয় এক গাছা চুলএনে দিতে হবে।

শ, সা। আচ্চা।

দি, ভৈ। আমারও একটু কাজ করতে হবে। ভগবতী যেখানে রক্ত-বীজকে নষ্ট করেন সেইথানে একটী অশোক গাছ আছে। একটী মহিষ সেই গাছের পাতা থায়। সেই মহিষ আজ বিক্ষাচলে ছিন্নমন্তার মন্দিরে বলি দেওয়া হচ্ছে। আমার সেই মহিষরক্তের প্রয়োজন হয়েছে, কারণ সে রক্তের প্রাণ-সঞ্চারিণী শক্তি আছে।

শ, সা। আনিয়ে দিচিং । সে মহিষ কি বলি দেওয়া হয়ে গোমিছে ? দি, ভৈ। হাঁ হয়ে গিয়েছে। তার রক্ত এখন কমগুলুতে ঢালছে।

তৃ, তৈ। আমার জন্যও তোমার একটু কষ্ট নিতে হবে। লক্ষায় এখনও রাবণের চিতা জ্ব্ছে। সেই চিতার নীচের কাচা মাটি আমাকে এনে দিতে হবে। এ মাটির অগ্নি জন্মাবার ক্ষমতা আছে, এ জন্যে আমার তা প্রয়োজন হয়েছে। প্র, তৈ। আর একটা কাজ করতে হবে। ক্রদ্রপালের নিদ্রা নাই। সেই অনিস্রার অবস্থায় তাকে একটা স্বপ্ন দেথাতে হবে,—চক্রভাগার তীরস্থ পর্বাত-গুহার মধ্যে আমাদের সঙ্গে তার সাক্ষাৎ হবে।

শ, সা। (উপবেশন করিয়া মন্ত্রোচ্চারণ) মহাদেবের আজ্ঞায় শীঘ এই স্থানে উপস্থিত হও। এই জবা ফুল মাটিতে পড়তে না পড়তে এথানে উপ-স্থিত হও। (নেপথোর দিকে জবা পুষ্প নিক্ষেপ।)

জবা পুষ্প মস্তকে নৃত্য করিতে করিতে প্রথম পিশাচের প্রবেশ ৷

পিশা। কে আমাকে ডাকলে?

শ, সা। বাও ধবল গিরির উত্তরে দাদশ কোশ গভীর তুষারাত্ত গহবরের নীচে যে তিন গাছ চুল পড়ে আছে, তাহা এই দণ্ডেই আমাকে এনে দিতে হবে।

[পিশাচের প্রস্থান।

শ, সা। মহাদেবের আজ্ঞায় শীঘ্র চলে এস। এই জবাফুল মাটিতে প্রতেনাপ্রড়তে চলে এস। (নেপথ্যের দিকে জবাপুষ্প নিক্ষেপ।)

দ্বিতীয় পিশাচের প্রবেশ।

দ্বি, পি। আজ একটীও মানধের ঘাড় মটকাতে পারি নি। কে আমাকে ভাকলে গ

শ, সা। যাও রাবণের চিতার নীচের কাঁচা মাটি এনে দেও।

দ্বি. পি। আর কাউকে পাঠাও।

শ, সা। যদি তুমি না যাও তোমাকে মড়ার মাতার মধ্যে করে পোড়াব। দ্বি, পি। যাই।

শ, সা। মহাদেবের আজ্ঞায় শীঘ্র এস। এই জবাফুল মাটিতে পড়তে না পড়তে শীঘ্র এথানে এস। (নেপথ্যের দিকে জবাপুশ নিক্ষেপ।)

পিশাচদ্বয়ের প্রবেশ।

তোমাদের এক জ্ঞান যাও, বিদ্যাচলে ছিন্নমন্তার মন্দির হতে আজকার বলি দেওয়া মহিষের রক্ত এনে দেও। আর এক জ্ঞান ক্ষমপালকে এই স্বপ্ন দেখাও গিয়ে যে চক্রভাগার তীরে পর্বত-গুহার মধ্যে তাহার সঙ্গে এই ভৈরবীদিগের সাক্ষাৎ হবে।

[পিশাচদ্বয়ের প্রস্থান।

পিশাচদিগের পুনঃপ্রবেশ।

প্র, পি। এই নেও।

বি. পি। এই নেও।

ত, পি.। এই নেও।

শ, সা। তোমাদিগের প্রার্থনীয় জব্য সকল পেলে, আমি এখন আসি।
(আর কতকণ্ডলি পিশাচের প্রবেশ ও শব সাধ্বকে বেটন করিয়া নৃত্য।)

যিবনিকা প্রভান।

চতুর্থ অঙ্ক।

প্রথম গভাঙ্ক।

অন্ধকারাবৃত পর্বত-গুহা।

रेज्तवीकरात व्यर्वण।

প্রা, ভৈ। আমাদের যা যা প্রয়োজন সবই আছে। আমার কাছে মহা-দেবের জটার চুল।

দি, ভৈ। আমার কাছে ছিন্নমন্তার নিকট বলি দেওয়া মহিষের রক।

ড়, ভৈ। আমার নিকট রাবণের চিতার নীচের কাঁচা মাটি।

প্র, ভৈ। ক্রদ্রপাল গুহার মধ্যে প্রবেশ করছে। দি. ভৈ। এই যে।

রুদ্রপালের প্রবেশ।

কৃত্র। তোমরা আমাকে হাত ধরে ছঙ্গর্মে নামিয়েছ—

প্র, ভৈ। আমাদিগকে হুষ না।

হি, ভৈ। আমরা কারও ভাল মন্দ করি না।

ত, टेछ। আমাদের নিকট জিজ্ঞাসা করলে ভবিষ্যতের কথা বলি।

ে। কুদু। আমি তোমাদিগকে কতক গুলি কথা জিজ্ঞাসা করব, উত্তর দেও।

প্র. ভৈ। ভাল।

দ্ধি, ভৈ। জিজাসা কর।

তু তৈ। উত্তর দিব।

প্র, ভৈ। যা কথন মানুষে দেখে নি তা এখনি দেখতে হবে! ভয় পাবে নাত?

क्षा ना।

দ্বি, ভৈ। যদি ভর নাপাও, তোমার জানবার বিষয় জানতে পাবে। ঐ খানে স্থির হয়ে দাঁড়াও।

ভৈ, এয়। ভয় ভয় মহা ভয়,

আকাশে পাতালে ভয়,

চারিদিকে মহা ভয়,

কাপুরুষের মনে ভয়।

[হস্ত হইতে মহাদেবের চুল নিক্ষেপ।]

খড়গ হস্তে দীর্ঘকায় বিকটাকার মূর্ত্তির প্রবেশ ও রুদ্রপালের দিকে গমন। রুদ্র-পালের অসি নিক্ষোষ করি-

বার চেফা।

প্র, ভৈ। ক্ষীণজীবী মান্ত্র, যদি মরবের ইচ্ছা থাকে অসি নিক্ষোষিত কর। হি, ভৈ। স্থির হয়ে দাঁড়িয়ে থাক।

মূর্ত্তি রুদ্রপালের গলদেশে বাম হস্ত দিয়া তাহার মস্তক ছেদন করিতে উদ্যত।

कुफुপान नावक ।

তু, ভৈ। তোমার কাজ হয়েছে, তুমি যাও।

্যিত্রি প্রস্থান।

ভৈ, এয়। ভয় ভয় মহা ভয়,

আকাশে পাতালে ভয়,

চারি দিকে মহা ভয়,

পাপীর হৃদয়ে ভয়।

ভিতলে মহাদেবের কেশ নিক্ষেপ।

রক্তাক্তকলেবর হৃদয়ে তরবারি বসান একটা মূর্ত্তির প্রবেশ ও রুদ্রপালের দিকে গমন। রুদ্রপালের মুখ ফিরান।

মূর্ত্তি। মুথ ফিরাও কেন ? আপনার কার্য্য দেখ। প্র, তৈ। কুদ্রপাল, বাঁচবার ইচ্ছা যদি থাকে মুথ ফিরিও না। দ্বি, ভৈ। যদি অভীষ্ট সিদ্ধির ইচ্ছা থাকে চকু বন্ধ করওনা। (চক্ষু

উন্মীলিত করিয়া মূর্ত্তির দিকে ক্ষদ্রপালের এক দৃষ্টিতে নিরীক্ষণ।) রুদ্র। যদি আমার নরকে প্রবেশ করতে হয়, আমি নির্ভয়ে নরকে

প্র, তৈ। তোমার কার্য্য হয়েছে, তুমি যাও।

ভৈ, ত্রয়। ভীম ভাবে ব্রহ্মময়ী.

প্রবেশ করব।

रेन जातरन इस्य अग्री,

নাচেন সমরস্থলে, তাহে ভূমওল টলে।

চাডিছেন বারম্বার, বোমভেদী হুহুস্কার,

উथलिल मिसूनीत,

ভুবন হলো অস্থির,

সূর্য্যে অগ্নি উথলিল,

ব্ৰহ্মাণ্ড তেজে দহিল.

ন্ধান্ন অন্নি মহা অন্নি, আকাশে পাতালে অন্নি, চারি দিকে মহা অন্নি, পাপীর হৃদয়ে অন্নি।

[ভূতলে রাবণের চিতার মৃত্তিকা ক্ষেপণ ও সজোরে ত্রিশূলাবাত। হঠাৎ আগুণ জ্বলিয়া উঠা।]

প্র, তৈ। ক্রদ্রপাল, আমাদের পূজনীয় মাঁহারা তাঁহাদের নিকট হতে তোমার প্রশ্নের উত্তর পাবে।

ভৈ, তার। (অধারি চতুর্দিকে নৃত্য করিতে করিতে)
শক্তি শক্তি শক্তি মলা,

শকতি হইতে স্ক্ল আর স্থূল,

শকতি হইতে বিধি বিষ্ণু হর,

শকতি হইতে বিশ্ব চরাচর।

হয়ে অচেতন পুক্ষ আছিলা,

শকতি প্রভাবে চৈতন্য পাইলা।

শক্তি প্রভাবে পুরুষ-চিতে

বাসনা হইল ব্ৰহ্মাণ্ড স্থলিতে,

শকতি প্রভাবে অনস্ত সলিল

ভीষণ নিনাদে গর্জিয়া উঠিল,

হইল স্জন হালোক ভূলোক

প্রন অনল আঁধার আলোক।

হুট্ল স্জন বিশ্ব চরাচর

দেবতা মানব গৰ্ব্ব কিন্নর।

শকতি শকতি শকতি মূল

শকতি হইতে হক্ষ আর স্থূল,

শকতি হইতে বিধি বিষণু হর

শকতি হইতে বিশ্ব চরাচর। (অনলে মহিষের রক্ত বিন্দু বিন্দু ক্ষেপণ। বজ্রাঘাত।)

কুদুপাল নাটক।

অনল হইতে একটা অস্ত্রবেষ্টিত মস্তক উত্থিত।

কদ্র। তুমি যেই হও না কেন, আমার প্রশ্নের—
প্র, তৈ। ইনি তোমার মনের কথা জানেন, প্রশ্নের প্রশ্নোজন নাই।
মৃত্তি। কদ্রপাল, রণবীর সম্বন্ধে সাবধান, সাবধান, সাবধান।

[অন্তর্ধান।

ক্রন। তুমি বড় উপকার করলে, আমার ভ্রয়ের মূল দেথিয়ে দিয়েছ। আর একটি কথা—

দি, ভৈ। কে তুমি যে ইনি তোমার আজ্ঞা পালন করবেন? ভৈ, ত্রয়। শক্তি শক্তি শক্তি মূল, ইত্যাদি। (অনলে রক্ত ক্ষেপণ। বজাঘাত।)

অনল হইতে একটা রক্তাক্ত মস্তক উত্থিত।

রুদ্র। এ কে? মন্তকে রাজ-মুকুট—

প্র, ভৈ। শুন, কিছু বলও না।

মূর্ত্তি। সিংহের ন্যায় মহাতেজা হও। পৃথিবীর কাউকেও গ্রাহ্য করও না। শক্রর ক্রোধ, ভয়-প্রদর্শন; বিদ্যোহীর কৌশল, ষড়যন্ত্র কিছুতেই ভয় পেও না। নিশ্চয় জেন, রুদ্রপাল, যত দিন লুধিয়ানার বন ধর্মকোটে না চলে আসবে, তত দিন তোমার মার নাই।

[यस्र्धान।

রুদ। লুধিয়ানার জঙ্গলও হাঁটতে শিথবে না, রুদ্রপালেরও শব্দ হস্তে মরণ হবে না। পঞ্চনদের মৃত্তিকা প্রায়প্ত বিদ্রোহী হলে আমার কিছু করতে পারবে না। কিন্তু আর একটা বিষয় জানতে বড় ইচ্ছা হচ্ছে। বল বিনয়-পালের সন্তানেরা কি রাজা হবে?

ভৈ, ত্রয়। আর জানতে ইচ্ছা করও না।

রুদ্র। এই আমার শেষ প্রশ্ন। এর উত্তর দিয়ে আমাকে কিনে রাথ। নচেৎ তোমাদের সর্অনাশ হক।

ভৈ, ত্রয়। তবে দেথা দিয়ে ক্ষদ্রপালের হাদয় দগ্ধ করে যাও। শক্তি শক্তি শক্তি মূল, ইত্যাদি। [নেপ্থ্যের দিকে নহিষরক্ত ছিটাইরা দেওরা।]

ভেরী-নিনাদ। ক্রমে আট জন রাজার প্রবেশ ও নেপথ্যের উপর দিয়া গমন। শেষ জনের হস্তে দর্পণ। পশ্চাতে বিনয়পাল।

কৃত্র। তোর আকার বিনয়পালের ন্যায়, শীঘ্র দূর হ। তোর মস্তকে রাজমুকুট, তুইও প্রথম জনের মত রাজ-বেশে যাচ্ছিস—ওরে পাপীয়সীগণ, তোরা
আমাকে কি দেখালি? তিন জন—চারি জন—এদের কি শেষ হবে না—
পাঁচ জন, ছ জন, আর দেখতে পারি নে—তব্ও আসে। আমি আর দেখব
না। (মুখ ফিরান) সাত জন, আট জন—এর হাতে কি? দর্পণ, দর্পণের
ভিতরে কতং পশ্চাতে বিনয়পাল, রক্তাক্তকলেবর, বড় হেঁসে হেঁসে
আঙ্গুল দিয়ে দেখিয়ে দিছে,—বিনয়পাল, দাঁড়া, দাঁড়া, এখনই তোর হাঁসি
দেখাছি। চলে গেছে—হাঁসতে হাঁসতে চলে গেল। (অবাক হইয়া
দণ্ডায়মান)

ভৈরবীত্রয়ের প্রস্থান।

আমার জীবনের এই মহা কুক্ষণ। এ দেখবার পূর্ব্বে কেন আমার চৈতন্য গেল না, জীবন গেল না। আমার সৌভাগ্যের চারি দিকে দিগদিগস্তব্যাপী ভীষণ মকভূমি। যাক যতক্ষণ দিন থাকে আপন প্রভাবে অন্ত কুলাচল সপ্ত সমুদ্রকে বিকম্পিত করব।

প্রস্থান।

দ্বিতীয় গর্ভাঙ্ক।

রাজ-ভবন।

চতুরিকা ও রুদ্রেপালের প্রবেশ।

চতু। তারা কি বললে?

রুদ্র। তারা আমাকে আকাশে তুললে, শেষে পাতালে ফেললে।

চতু। তারা বললে কি?

রন্ত। বললে নারী-প্রস্ত কেহ আমাকে মারতে পারবে না, লুধিয়ানার বন ধর্মকোটে না চলে এলে আমার কোন ভয় নাই।

চতু। তবে আর কি? আমাদের আর পায় কে?

কৃদ। এখন সহস্র রণবীর একত হয়েও আমাব আর কিছু করতে পারবে না। আমি পঞ্চনদের সিংহাদনে বসে রইলেম, কে এখন আমাকে সেথান হতে নামায়। এখন আমার যা মনে আসবে, তাই কুরব। আমার জোধ, হস্ত, এবং তরবার এক একা হয়ে কান্ধ করবে। রণবীর স্ত্রীপুত্র পরি—বার সোবরাঁওয়ে রেথে গিয়েছে—সেথানে আমারও ক্রোধ চলল, স্ত্রীলোকের কাতরোক্তি বা শিশুর ক্রন্দন কিছুই শুনবে না।

চতু। তারা আর কিছু বললে না?

কন্ত । তা আমার না শুনাই ভাল ছিল। বিনয়পাল—(চমকিত হইরা) আর দেখতে পারি নে।

চতু। এ আবার কি ? চমকে উঠলে যে। বিনরপাল আবার তোমার কাছে এল নাকি ?

রুদ্র। ও—হ! বিনম্নপালকে মন হতে দূর করতে পারব না। ও—হ! বিনম্নপালের সস্তানেরা রাজা হবে। পাণীয়সীরা দেখালে, বিনয়পালের সস্তাননেরা রাজা হবে। কে আসছে?

চতুরিকার প্রস্থান ও দামোদরের প্রবেশ।

দামো। মহারাজের জয় হক!

क्रम । मःवान कि ?

দামো। রণবীর দিল্লী পোঁছেছে। তিন দিনের মধ্যে দিল্লীশ্বরের **দৈন্য** সঙ্গে তারা পঞ্চনদে যাত্রা করছে।

রুদ্র। তারা আস্কুক, স্থরাস্থর একত্র হয়ে তাদের সাহায্য করুক, তাতেও আমার ভয় নাই। যাও যুদ্ধের আয়োজন কর গিয়ে।

দামোদরের প্রস্থান ও চতুরিকার পুনঃপ্রবেশ।

চতু। তোমাতে এত মহুষ্যত্ব কথনও দেখি নি। বিনয়পালকে মারলে,

শোভনপালকে কেন মারতে পারলে না ? আমাকে যদি আগে বলতে তা হলে আমি তার উপায় করে দিতাম। শোভনপাল কোপায় গেছে ?

কদ। কেউ জানে না কোপায় গেছে, পঞ্চনদে নাই। চতু। চল ঐ যরে, একটু বিশ্রাম কর এসে।

্উভয়ে নিজ্ঞান্ত।

তৃতীয় গৰ্ভাঙ্ক।

সোবরাঁও। প্রাসাদস্থ গৃহ।

পর্য্যক্ষে রণবারের শিশুসন্তান নিদ্রাবস্থায় শয়ান । দস্ত্যর প্রবেশ।

দস্থা। শয়ের উপর খুন করেছি, তার মধ্যে পাঁচটি মেয়ে মায়ৄষ। বালক বালিকা কথনও মারিনি, আজ সেইটি হবে। শাল, তাল, তমাল অনেক কেটে ফেলিছি—একটা ফুল ছিঁড়ে ফেলতে কি? বেটাকে এথানে দেখতে পাচ্ছিনে। সংসার নরক কুণ্ডু। মায়ৄষ গুলো তার কীট। এই একটা তার ডিম মাত্র। বেঁচে থাকলে ছদিনে ফুটবে, তার পরে এরই দংশনে লোকে জ্ঞালাতন হবে। যত যায় ততই ভাল। (শিশুর দিকে অগ্রসর হইয়া) বেটাকে পেলেম না, এটাকে মারি। (হস্তম্ব ছোরা উত্তোলন) বা! মারতে যাচ্ছি তব্ হাসছে—মারতে পারলেম না—পৃথিবীতে পবিত্র জিনিষ আছে—পরমেশ্বরও আছেন। এত কাল কি করেছি! কি কদর্যা কি স্থলর তা এখন বোধ হচ্ছে। (নীরব হইয়া দণ্ডায়মান)

রণবীরের স্ত্রীর প্রবেশ।

রণ, স্ত্রী। কি করিস, কি করিস, কি করিস? প্রাণে মারিস নে, প্রাণে মারিস নে। তুই আমার ধর্মের বাপ। আমার সর্ব্বস্থ নে, বাছাকে মারিস নে। আমার মাথার ছুরি বসিয়ে দে, বাছাকে প্রাণে মারিস নে। (দস্কার চরণ হুই হতে ধরিয়া) তুই আমার ধর্মোর বাপ, বাছাকে মারিস নে।

দস্থা। ওঠ, আমি তোমার সস্তানকেও মারব না, তোমাকেও মারব না— আর কাউকেও মারব না। আজ আমার চোক ফুটল। তোমার বাড়ী স্বর্গ-পুরী, মা।

নিক্ষোষ তরবারি হস্তে এক জন ভৃত্যের প্রবেশ।

ভূ। ত্রাচার, ত্রাচার ! তুই আমার প্রভ্র ঘরে প্রবেশ করেছিস। আমি এথনি তোর প্রাণ নাশ করব।

দস্থা। গোল কর না, চুপ কর। আমাকে মারতে চাও মার কিন্তু তা হলে এঁদের বাঁচাতে পারবে না।মা। তোমার বাড়ীতে এসে আমি আজ নৃতন জগতে প্রবেশ করলেম—তোমাদের বাঁচাতে হবে। আমি এক জন দস্থা। মসুষ্য মারা আমার ব্যবসা। আমাকে ছ্রাআ্মা রুদ্রপাল পাঠিয়েছে তোমাকে ও তোমার শিশু সন্তানকে মেরে ফেলতে।

রণ, স্ত্রী। বাছাকে মেরও না, আমাকে মার। তুমি আমার ধর্মের বাপ।

দস্থা। মা! তুমি শান্তিময়ী অমৃতপ্রস্বিণী। তোমার সম্ভানকে মারা দ্রে থাকুক, ঐ প্রুক্তর মুখের হাসি দেখে আমার এত কালের ভ্রম ভেঙ্কে গেছে। মা! আমার ত্রুদ্রের সঙ্গী অনেক গুলি এ বাটার নিকটে আছে। আমি নিজে তোমাদিগকে মেরে একাকী সমস্ত পৌক্ষভাগী হব এই আশার আগে ঘরে প্রবেশ করেছি। তারা না আসতে শিশু সম্ভানকে নিয়ে এ স্থান হতে পালাও। তারা এসে পড়লে নিস্তার নাই। নৌকা করে শতক্র বেয়ে গিয়ে, পরে দিল্লীমুখে চলে যাও। (ভৃত্যের প্রতি) তুমি আর ছই এক জন লোক সঙ্গে যাও। বাজীর সকল লোককে জাগিও না, গোল কর না। শীঘ্র যাও, কোন ভয় নাই। তোমাদের পালান কেউ জানতে পারবে না। আমি আরু সকলকে বলছি যে আমি তোমাদিগকে উপর থেকে শতক্র নদীতে কেলে দিলাম।

ি সন্তানকে ক্রোড়ে লইয়া রণবীরের স্ত্রীর ও ভূত্যের প্রস্থান।

অপর তুই জন দস্তার প্রবেশ।

প্র, দস্থা। তোমরা শুনতে পাও নি, আমি এদের জলে ফেলে দিয়েছি। আমাকে দেখে স্ত্রীলোকটা যেমন ছেলে কোলে করে এই বারাগুা দিয়ে পালাবে অমনি জলে ফেলে দিয়েছি।

দি, দ। হাঁ, শুনতে পেয়েছি। জলে ফেলে দিয়েছ, উঠে পালাবে না ত ? প্রা, দ। এই অন্ধকার রাত্তে শতক্রর স্রোতে পড়লে কারও কি নিস্তার আছে ? তাতে দ্বীলোকটার সঙ্গে একটা শিশু, বোধ হয় জলে পড়তে না পড়তে ভয়ে মারা গিয়েছে।

দি, দ। বাহিরে যারা আছে তাদের সংবাদ দিই গে। তারা এসে এখন বাড়ী লুটপাট করুক। ছচারি জন দরয়ান আছে—তারা কি করবে ?

প্র, দস্থা। যাইচছাহয় করগে।

দিতীয় ও তৃতীয় দহ্যর প্রস্থান।

ভূটী প্রাণীকে বাঁচালেম। সংকর্মে স্থে আছে, এ পূর্বের জানতেম না। আমার আর ক্রপালের মন যুগিয়ে কাজ করবার প্রেরেজন নাই। ক্রদ্রপাল, ভূমি ধন দেও, মান দেও, তা কেবল মক্রভূমির বালি মাত্র। আমি আর তা চাই না। পৃথিবীতে পবিত্রতা আছে—ও—হ। পরমেশ্বও আছেন। মাতৃভূমিকে ভ্রম্মভূমি করে ফেলেছি, আর সেখানে যাব না। আর হ্রাম্মার নিকট ফিরব না। ভ্রম্মের নিকট যাব না।

[প্রস্থান।

. চতুর্থ গভ1ঙ্ক।

ইন্দ্রপাল ও রণবীরের প্রবেশ।

ইক্র। চল, আমরা কোন নির্জ্জন স্থানে গিয়ে মনের ছঃথ প্রকাশ করি। রণ। যুবরাজ, আক্ষেপের সময় নাই। মাতৃভূমির ছঃথের প্রতি আর উপোদা ক্রা যায় না। বদ্ধপরিকর হয়ে তরুারি হত্তে মাতৃভূমিকে উদ্ধার কর। প্রত্যাহ কত স্ত্রীলোক পতিপুত্রহীন হচ্ছে, কত শিশুসন্থান নিরাশ্রর হয়ে পড়ছে—পঞ্চনদের হাহাকারের বিরাম নাই।

ইন্দ্র। যে টুকু সত্য বলে বিশ্বাস হয়, তার জন্য মনে কপ্ত হয়। যতটা প্রতীকার করতে পারি, তা স্থসময় হলে করব। তুমি যা বলছ, সত্য হতে পারে। যে হুরাম্মার নামে সর্কাঙ্গ পুড়ে যায়, সেও এক কালে সং লোক বলে বোধ হয়েছিল। তুমিও সং লোক হলে পার। কিন্তু এও অসম্ভব নয় যে তুমি আমাকে পাষ্ডের হাতে সমর্পণ করে নিজ স্বার্থ সাধন করতে পার।

রণ। আমি বিশাস্ঘাতক নই।

ইন্দ্র। রুদ্রপাল তো বটে। অসং লোক বড় হলে সে সংকেও অসং করতে পারে। রাগ করও না, ভুমি সং হলেও পার। অধর্ম সততার বেশ ধারণ করে বলে সততা কি পৃথিবী ত্যাগ করেছে?

রণ। আমার সব আশা দূর হল।

ইন্দ্র। ক্ষুগ্র হও কেন ? তোমার অপমান করব, এই ইচ্ছায় আমি সন্দেহ প্রকাশ করি নাই, শুদ্ধ আগ্মরক্ষার জন্য। আমি যা মনে করি না কেন, তুমি সম্পূর্ণ নির্মাল হলে পার।

রণ। মাতৃভূমি, তুমি অতল সাগরে ডুবেছ, তোমার আর ভরসা নাই।
অধর্ম তুমি স্থথে রাজ্ব কর. কারণ ধর্ম নির্বীধ্য হয়ে পড়েছেন। যুবরাজ,
পাপায়ার অন্যায় বেশ সহ্য করতে শিথেছ। এখন বিদায় দেও। একটা কথা
বলে যাই,—সমস্ত ভারতবর্ষ, ভারতবর্ষ কেন, স্বাগরা পৃথিনীর আধিপত্য
দিয়েও কেউ আমাকে বিশাস্থাতক করতে পারবে না।

ইন্দ্র। (স্বগত) বিশুদ্ধ স্বর্ণ বলে বোধ হচ্ছে, তবু আরও একটু পুড়িয়ে দেখা উচিত। (প্রকাশে) দাঁড়াও। সাধুজনের মহন্ব তার ক্রোধেও প্রকাশ পায়। আমি তোমাকে আরু সন্দেহ করি না। কিন্তু আমার একটা কথা আছে। বল দেখি আমাকে রাজা করে কি স্কুখী হবে মনে করেছ ?

রণ। নইলে কি জন্য তোমার এত সাধাসাধনা করছি?

ইন্দ্র। দেটী ভাল করে বিবেচনা করে দেখ। দিলীশ্বর আমাকে সহায়তা করতে চেয়েছেন, পঞ্চনদ্বাদীরাও আমাকে সাহায্য করতে প্রস্তুত্ত রয়েছে--- রণ। চল, যুবরাজ, তারা তোমাকে ত্রাণকর্তা, দেবতার ন্যায় গ্রহণ করবে।
ইন্দ্র। তোমরা একটা বোর এমের মধ্যে যুরছ, আমি আগেই সেই ভ্রমটা
দুর করি। আমি রাজা হলে পঞ্চনদের এক গুণ হুদিশা শত গুণ হবে, যেরপ
হুদ্বর্ম মহুষ্যের কুবৃদ্ধি আজও স্থাষ্টি করে নাই, তা হুবেলা দেখবে। এখন নরাধমকে ভয় করছ, তখন প্রেতাধ্যের স্কাচুর্ণকারী হাতের মধ্যে পড়বে।

রণ। তুমি কার কথা বলছ?

ইক্র। তুমি যা হতে শান্তি বাসনা করছ। আমি আপ্রনারই কথা বলচি।
আমার স্বভাবে যে সকল ছন্ধমের বীজ রোপিত আছে, তা অঙ্কুরিত হলে রুদ্রপাল তুষার তুল্য নির্মাল বলে বোধ হবে। স্বীকার করলেম রুদ্রপাল লোভী,
বিশ্বাস্থাতক, নিষ্ঠুর, অত্যাচারী। কিন্তু আমি লাম্পট্যে অন্বিতীয়। আমার
ইচ্ছা পূর্ণ করবার জন্যে আমি কোন প্রতিবন্ধকই প্রতিবন্ধক জ্ঞান করব না।

রণ। তুমি মনসাধে ইন্দ্রিয় চরিতার্থ করও, কেউ কিছু বলবে না।

ইন্দ্র। ভাল করে ভেবে দেখ, আমার জন্য কোন সন্ত্রান্ত পরিবার মধ্যে স্থুখ থাকবে না—মনে কর, (কথার কথা বলছি) তোমার একটা স্থুন্দরী স্ত্রী আছে, অথবা একটা স্থুন্দরী কন্যা আছে—

্রণ। আর না--হা হতভাগা পঞ্চনদ।

ইক্র। এ প্রকার পাপাত্মা যদি রাজা হবার যোগ্য হয়---

রপ। রাজা হবার যোগ্য ? এমন নরাধমের মরে যাওয়াই ভাল। তোমার পিতা যেথানে থাকতেন তার দাদশ ক্রোশের মধ্যে পাপ আসতে পারত না, তোমার জননীর নাম সীতা দময়ন্তীর ন্যায় প্রাতঃশ্বরণীয়—তুমি তাঁদের সন্তান! দেববংশে দৈত্যাধমের জন্ম! আমি আর তোমার ম্থ দেথব না। হৃদয়, বিদীর্থ হও, তোমার সব আশা ফুরাল।

ইন্দ্র। রণবীর, আমাকে মার্জ্জনা কর। তোমার হৃদয় সম্পূর্ণ অকপট, এখন স্পষ্ট বৃঝিতে পারলেম—মহৎ অন্তঃকরণে তৃদ্ধর্মের প্রতি এইরূপই ক্রোধ জন্মে। কর্দ্রপালের আচরণে আমি সন্দেহ শিক্ষা করেছি—সন্দেহ অনেক সময় আমাদিগকে রক্ষা করে। এই জন্য তোমাকে সহজে বিশ্বাস করি নাই। এখন বিশ্বাস করলেম। এখন অবধি তুমি আমায় যা বলবে, আমি তাই করব। রণবীর, তোমার নিকট আমি একটী মিথ্যা কথা বলেছি। সেটী আমার অপেনার সম্বন্ধে—পর স্ত্রী মাতৃতুল্য এটী আমার দৃঢ় ধারণা। সে পশু, যে পরস্ত্রীর প্রতি কুভাবে দৃষ্টি করে। আমি যে মহাত্রা স্থ্যপালের পুত্র এ আমার পরম গৌরব। জীবনে কোন কার্য্য দ্বারা তাঁর অবমাননা করব না এই আমার প্রতিক্রা। এখন চল, স্বদেশ উদ্ধার করিগে—মন্ত্র্য কি স্বদেশের হ্র-ব্তা নিশ্চিত্ত হয়ে দেখতে পারে—যারা পশুত্ব পেয়েছে তারাই পারে।

রণ। এখন তুমি স্থ্যপালের পত্রের ন্যায় কথা বলছ।

ইক্র। দিল্লীশ্বরের সেনাপতি ত্রিশ হাজার সৈন্য নিয়ে আমাদের সঙ্গে যাক্তেন—মনুষ্য ও ধন্ম আমাদিগের পঞ্চ—

রণ। অধ্যম আমরা পদতলে দলন করব। প্ঞানদ, আর হ্দিন ক**উ সহ্য** কর—শীঘু তোমার যসুণা শেষে হবে।

রণ। কে এ দিকে আসছে?

हेल। हलन (मृद्ध (हन (हन क्र क्र हि।

রণ। আমাদের স্বদেশীয়—আমার পরমান্ত্রীয় কন্দর্প আসছে।

ইন্দ্র। এখন চিনতে পেরেছি।

কন্দর্পের প্রবেশ।

রণ। পঞ্চনদের অবস্থা কি পূর্বের মতনই আছে ?

কন। হা হতভাগ্য পঞ্চনদ ! ইহা এখন মহুষোর মরবের স্থান হ্রেছে।
যে পঞ্চনদের অবস্থা না জানে তারই মুখে আনন্দ দেখা যেতে পারে, নচেৎ
সকলেই নিরানন্দ। রোদন হাহাকার এত, যে শুনবের লোক কেহ নাই—
প্রবল হঃথ আর বিরল নয়। মানুষ মরছে, কেউ জিজাসাও করছে না।
সংলোক যত একে একে যাচ্ছে, কে যে এই রূপে ঈশ্বরের স্টিনিই করছে
কেউ বলতে পারে না।

রণ। যা বললে এর প্রতি বর্ণ যথার্থ। দৌরায়্যে যার আনন্দ, তার ক্ষমতা হলে শাস্তি কি আর পৃথিবীতে থাকতে পারে ?

ইন্দ্র। অভিনব অণ্ডভ ঘটনা কি ?

কন্দ। প্রতিপলকে নৃতন নৃতন ছংখ লোকের ছদয় বিদ্ধ করছে—এফ দ্ওকাল পূর্বের যা বটেছে তা তো পুরাতন ঘটনা।

রণ। আমার পরিবার, আমার সৌরনলিনী কেমন আছে ?

कम। डा-न।

রণ। অনেক ক্ষণ চুপ করে থেকে তার পর উত্তর দিলে যে ? ছরাঝা তাদের সচ্ছন্দতার বিদ্ন জন্মায় নি তো ? উত্তর দিতে বিলম্ব করছ কেন ? তুমি মুখ ফিরালে কেন ? বল, বল কন্দর্প, একেবারে বজ্পাত কর।

কন্দ। ভাই, আর কি বলব? তোমার স্ত্রী কন্যাকে ঈশ্বর স্বর্গে রক্ষা করছেন।

রণ। বুঝেছি—ছ্রাক্সা কি আমার স্নেহ-পুত্তি সৌরনলিনীকেও—?
ছ্রাস্মা আমার শান্তির ভণ্ডার একেবারে চুর্ণ করেছে ?

কন্দ। আমি বলেছি তো, তোমার সৌরনলিনী এথন স্বর্গের শোভা বৃদ্ধি করছেন।

রণ। ওরে নরক-অবতার! তুই করলি কি? পতিপরায়ণা স্ত্রী, অমৃত-পুত্তলি শিশু—কোন্ হৃদয়ে এদেরও মারলি? ও—হ! এমন অমৃল্য নিধি আমার ছিল। হারালেম—একেবারে দীনহীন হলেম। (রোদন)

ইদ্র। রণবীর, মান্যের মতন শোক বছন কর।

রণ। করব—মামুষ আগে শোক করে—শেষে বহন করে। পরমেখর, তুমি তো দেখেছিলে—কেন নির্দোষীদিগকে রক্ষা করলে না? ও—হ! আমারই পাপে নির্দোষীরা মারা পল।

ইন্দ্র। রণবীর, এই শোক তোমার ক্রোধকে শাণিত করুক। চল আমরা স্ত্রীহত্যাকারী শিশুহত্যাকারী পাতকীকে বিনট করিগে।

রণ। তা আমি করব। (অসি নিক্ষোষিত করিয়া) এই তরবার দারা
আমি শোক নিবারণ করব—যে হৃদয়ে বিন্মাত্র স্নেহও স্থান পায় না সেই
স্থান্যে এই তরবার প্রবেশ করবে। পরমেশ্বর, শীঘ্র শীঘ্র আমাকে পঞ্চনদে
দ্রন্ত্রার নিকট নিয়ে যাও। তোমার শক্ত, মন্থ্যোর শক্ত, জগতের শক্তকে
বিনাশ করি।

ইন্দ্র। চল, আমরা শীঘ্র যাই। আমাদের সমুদয় প্রস্তুত, দৈন্য প্রস্তুত, হস্তু প্রস্তুত, হৃদয় প্রস্তুত। স্থানেশামুরাগ, ধর্ম্ম, মহুষ্যুত্ব, পরমেশ্বর আমাদিগকে পরিচালনা করছেন—চল পঞ্চনদ উদ্ধার করি গিয়ে।

[সকলে নিব্ৰুণন্ত । [যবনিকা পতন।

পঞ্চম অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

প্রাসাদ।

বৈদ্য ও বৃদ্ধা পরিচারিকার প্রবেশ।

বৈদ্য। আমি ছুরাত্রি জাগলেম, কিন্তু যা বলেছিলে তার কিছুই দেখলেম না। তুমি ক দিন হল রাজমহিষীকে নিদ্যাবস্থায় বেড়াতে দেখেছ?

পরি। মহারাজের যুদ্ধে যাওয়ার পর দিন অবধি। মহিধী বিছানা থেকে উঠে ছার খুলে বেরিয়ে এসে এই দালানে বেড়ান, কত কি কথা বলেন, কাগজ কলম বার করে পত্র লেখেন, পত্র গালা দিয়ে আঁটেন, তার পর আবার গিয়ে শোন—এত করেন, কিন্তু সব ঘুমিয়ে—আমি বুড়ো হয়ে মরতে চললেম, এমন তো কথনও দেখি নি।

বৈদ্য। একি প্রকৃতির সাধারণ বৈকলা ? নিদ্রিতের অবস্থা, জাগ্রতের কার্য্য, অতি আ*চর্য্য ব্যাপার। এই অবস্থায় ইনি কি বলেন, বলতে পার ?

পরি। তা আমি জিবের আগায় আন্তে পারি নে।

বৈদ্য। আমার নিকট বলুতে দোষ কি ? আমি বৈদ্য আমার নিকট বলা উচিত।

পরি। না, আমি কারও কাছে তা বলতে পারি নে। ঐ দেখুন এ দিকে আস্তেন।

প্রজ্জ্বলিত বত্তিকা হস্তে চতুরিকার প্রবেশ।

ঠিক এই ভাবেই রোজ বেড়ান—নিশ্চয়ই ঘুনিয়ে আছেন। আপনি নিরীক্ষণ করে দেখুন।

বৈদ্য। বাতি পেলেন কোথায়?

পরি। ওঁর বিছানার কাছে তামাম রাত বাতি জ্বলে।

टेवमा। ८ इटस ब्रह्म ।

পরি। চেয়ে থাকা মাত্র।

বৈদ্য। বাতি রাধলেন। দেখ, দেখ, কি করছেন। হাতে হাত রগড়া-চ্ছেন।

পরি। রোজই এই রকম করে থাকেন, ঠিক যেন কি দিয়ে হাত ধুচ্ছেন। প্রোয় আদ দণ্ডকাল এইরূপ করেন।

চতু। এখনও একটা দাগ রয়েছে।

বৈদ্য। কি বলছেন ভাল করে শুনতে হচ্ছে। (কর্ণ পাতিয়া শোনা)

চতু। বালাই যে ছাড়ে না। বালাই, উঠে যা—সময় হয়েছে। পৃথি-বীতে নরকের অন্ধকার এসেছে। যাও না। ধিক, ধিক! বীর, তবুও এত ভয়? লোকে জানবে? জানলে, তাতে ভয় কি? তোমার তো আর কেউ প্রভু থাকবে না, যে তার কাছে তোমার জবদিহি করতে হবে—কে জানত বুড় রাজার গায়ে এত রক্ত ছিল?

বৈদ্য। কি ভয়ানক কথা!

চতু। রণবীরের স্ত্রী এখন কোথায় গেছে ? বড় যে স্বোয়ামীর বীরত্বের বড়াই করত—এ হাত কি পরিষ্কার হবে না ?—তুমি কি ছেলে মানুষ ? ও বিষয় অত ভাব কেন ? তোমার ভয়েতে বুঝি সব পণ্ড হয়।

বৈদ্য। যা ভোমার শোনা উচিত নয় তা শুনলে।

পরি। যা বলা উচিত নয় ইনি তাই বলছেন। পরমেশ্বরই মানষের মনের কথা জানেন।

চতু। এখনও হাতে রক্তের গন্ধ আছে। মলয় পর্বতের সমুদয় চন্দন ঘষে হাতে লেপলেও এ কুগন্ধ যাবে না—ছাল তুলে ফেললেও এ কুগন্ধ যাবে না। ও—হ—হ। (দীর্ঘ নিশ্বাস)

বৈদ্য। এ দীর্ঘ নিশ্বাস যেন হৃদয় ভেদ করে বেরিয়ে এল—এঁর অন্তঃ-করণে না জানি কি অনল অলচে?

পরি। এমন মনের জালার সঙ্গে রাজভোগ অপেকা দোরে দোরে ভিক্ষে করে বেড়ান ভাল।

বৈদ্য। এ রোগের চিকিৎসা করা আমার সাধ্য নয়। আমি অনেক

লোককে নিদ্রাবস্থায় বেড়াতে দেখেছি, কিন্তু কারও মনকে এমন করে নর-কের মধ্যে বেড়াতে দেখি নাই।

চতু। এ বালাই গেল না, ক্রমেই বাড়ছে যে। তামাম হাতময় হল যে—এই যে বুকে রক্ত—তামাম গায়ে রক্ত—কি হল—কি হল—কি হল—
ও—হ—হ!

বৈদ্য। এ রোগ দেখলে ধন্নস্তরীর বিকার জন্মে। এ আত্মার মহাশূল, মহাদেবেরও সাধ্য নাই যে এর প্রতিকার করেন।

চতু। হাত ধুয়ে ফেল। অমন হলে কেন ? বিনয়পালের শরীর চক্র-ভাগার হাঙ্গর কুমিরের আহার হয়েছে, সে আর বেঁচে উঠছে না।

देवना। असन!

চতু। বিছানায় চল। বাহিরের দারে ঘা মারছে শুনছ না? চল, চল, চল। করে ফেললে তো ফিরান যায় না। চল, শুই গিয়ে।

প্রস্থান।

বৈদ্য। এখন বিছানায় গিয়ে শোবেন ? পরি। হাঁ।

বৈদ্য। লোকে এই সব কথা নিয়ে কাণাকাণি করছে। অতি গোপনে ছক্ষ্ম করলেও তা প্রকাশ হয়ে পড়ে। চিকিৎসকে এ রোগের কি করবে? ভগবানের করুণাই ইহার একমাত্র ঔষধ। আমি চললেম, যাতে এঁর মন স্বস্থ থাকে সেই চেষ্টা দেখও। দেখে শুনে আমি অবাক হয়েছি।

পরি। পরমেশ্বর, আমরা কিছুই জানি নে—মহতের পাপে যেন গরিব মারা না পড়ে।

উভয়ে নিজ্ঞান্ত।

দ্বিতীয় গর্ভাঙ্ক।

ধর্মকোটের নিকটস্ত প্রান্তর।

রণবেশে বলদেব, দামোদর, বনবিহারী ও কতকগুলি সৈন্যের প্রবেশ।

বন। দিল্লীশ্বরের দৈন্য পঞ্চনদের নিকটস্থ হয়েছে। ইন্দ্রপাল, রণবীর তাহাদের দৈন্যাধ্যক্ষ। সামান্য ছঃথ কি তাঁহাদিগকে উত্তেজিত করেছে? এমন ছঃথে মৃত মামুষও উঠে বলে "শক্র নিপাত করব"।

দামো। চল আমরা লুধিয়ানার বনের নিকট তাঁদের জন্য অপেক্ষা করি, ঐ দিক দিয়েই তাঁরা আসছেন।

বন। চন্দ্রপাল কি এই সঙ্গে আসছেন?

বল। আমি নিশ্চয় বলতে পারি, চন্দ্রপাল এঁদের সঙ্গে আসছেন না।
দিল্লীর সৈন্যমধ্যে যে যে প্রধান লোক আছেন, তাঁদের নামের তালিকা আমার
নিকট আছে। যশোময়সিং আছেন, যশোময়ের পুত্র শ্যামসিং আছেন,
আরও কয়েক জন অল্লবয়ক্ষ বীরপুক্ষও আছেন।

বন। ছুরাত্মা রুদ্রপাল কোথায়?

বল। ধর্মকোটে। সেথানে যুদ্ধের আয়োজন করছে। কেউ কেউ বলে, সে উশ্বাদ হয়েছে—যাই হউক, ছরাত্মার পতনের আর বিলম্ব নাই। তার অন্তরে শক্র, বাহিরে শক্র। অধর্মে বেড়েছে, অধর্মে পড়বে। সকলেই তাকে ঘুণা করে। পঞ্চনদের সেনাগণ তার পক্ষ হয়ে যুদ্ধ করতে আসবে, কিন্তু দেখও যুদ্ধ ক্ষেত্রে তারা কিরে দাঁড়াবেই দাঁড়াবে। তারা কি যুদ্ধ করবে ছরাত্মার অত্যাচার বাড়াবার নিমিত্ত ? চল আমরা যাই।

দামো। মাতৃভূমির রোগ নিরাময় করিগে।

বন। সে জন্য আমরা আজ প্রাণ দিতে প্রস্তত। সৈন্যগণ, চল আমরা লুবিয়ানার দিকে যাই। সেই দিক দিয়ে আমাদের বল, গৌরব, সৌভাগ্য, আশা আসছে।

[রণবাদ্য, ও সকলের নিজ্রমণ।

তৃতীয় গভ1ক্ষ।

ধর্মকোট, শিবির।

রুদ্রপাল, বৈদ্য ও দূতের প্রবেশ।

কৃদ। আমি আর শুনতে চাই নে। যাক সকলেই আমাকে ছেড়ে যাক।
লুধিয়ানার জঙ্গল ধর্মকোটে চলে না এলে আমি কাউকে ভয় করি না। বালক
ইক্রপাল কি নারীপ্রস্থত নয়, যে তার নামে আমি কেঁপে যাব? যারা ভূত
ভবিষ্যৎ বর্ত্তমান জানে তারা বলেছে "ক্রদ্রপাল, নারীপ্রস্থত কেহ তোমার
একটী চুল নই করতে পারবে না"। ওরে বিশ্বাস্থাতকগণ, আমাকে ছেড়ে
যাচ্ছিস, যা। এ মনে ভাবিস নে যে তোরা গোলে ক্রদ্রপালের পতন হবে। ওরে
দৃত, কি বলবি বল না—তোর চেহারা দেখলে তোকে জুতিয়ে লম্বা করতে
ইচ্ছা করে। তোকে কি রাক্ষ্যে খেতে এসেছে যে ভয়ে জড় সড় হয়েছিস প

দৃত। মহারাজ, বিশ হাজার—

ক্ত। বিশ হাজার কি ? ভেড়া ?

দূত। সেনা।

কৃদ্র। যা, ই ভ্রের গর্ত্তে মুকুগে, যদি বিশ – হাজার— দেনা, এই কটা কথা মুথে আনতে তোর প্রাণ উড়ে যায়। ওরে গর্মভ, কাদের সেনা ?

দৃত। দিল্লীর সেনা, সঙ্গে রণবীর----

কৃত্র। ও পাপ নাম মূথে আনিস নে—এই বার হয় আমি এককালীন বাব, নয় এককালীন নিশ্চিন্ত হব। সকলে ছেড়ে যাচ্ছে, আমার আগ্নীয় বন্ধু বান্ধব সকলে ছেড়ে গেল—চারিদিকে অন্ধকার, চারিদিকে বিপদ, চারি-দিকেশক্ত। দৃত!

দূত। মহারাজ, কি আজা হয়?

কৃদ্ৰ। আর কোন সংবাদ আছে ?

দৃত। যা পূৰ্বে শুনেছিলেন তা যথাৰ্থ বটে।

কৃত্র। আমি যুদ্ধে যাই, যুদ্ধ করব, শতক্ষণ আমার শরীরের অস্থি মাংস একত্রে থাকবে। অস্ত্র নিয়ে এস। দৃত। এখনও তারা আসি নি।

কৃদ্র। আমি এথনই অস্ত্র শস্ত্র চাই। দেখ, চারিদিকে ঘোড়সওয়ার যেতে বলগে, যে আমার জয়ের বিষয় সন্দেহ করে দেখবে, তারই শিরচ্ছেদন করবে। বৈদ্য, তোমার রোগী কেমন ?

বৈদ্য। মহারাজ, তাঁর রোগ শরীরে নয়, মনের মধ্যে।

ক্বন্তু। তুমি সে রোগ আরাম করতে পার না?

বৈদ্য। রোগীর আপন হাতেই সে রোগের ঔষধ।

কৃদ। যাও বিজাশ কুকুরের চিকিৎসা করগে, আমি তোমার ঔষধ ছুঁই না। অন্ত দেও। বৈদ্য, আমার কর্মচারীগণ আমাকে ছেড়ে পালাচ্ছে, এ নিবারণ করবার ঔষধ কিছু জান ? শীঘ্র অন্ত আন। বৈদ্য, যদি তুমি মহিষীর রোগ নির্ণয় করে তা আরাম করতে পার, আমি প্রশংসা করে তোমাকে স্বর্ণে তুলব। বলছি, রোগটা ছিঁড়ে তুলে কেল না। দিলীর সেনা পরাস্ত করবার কোন মুষ্টিযোগ করে দিতে পার ? তুমি তাদের বিষয় কিছু শুনেছ?

বৈদ্য। মহারাজের যুদ্ধ সজ্জা দেখে জানতে পার্চি তারা আসছে।

কৃদ্র। অস্ত্র নিয়ে আয়। লুধিয়ানার বন যত দিন না ধর্মকোটে আসবে,
শক্রু নিপাত করা আমার মহা আমোদ হবে।

[নিক্রমণ।

বৈদ্য। স্বার যেন তোমার নিকট আমার আসতে না হয়।

প্রিস্থান।

চতুর্থ গভাষি।

লুধিয়ানার নিকটস্থ প্রান্তর। দূরে বন।

ইন্দ্রপাল, রণবীর, যশোময়সিংহ, দামোদর, ও সৈন্যগণের রঙ্গভূমির উপর দিয়া গমন।

ইন্দ্র। পঞ্চনদের ছঃথের দিন অবসান হয়ে এল। দামো। সে বিষয়ে কি আর সন্দেহ আছে? যশো। এই যে বন দেখা যায়, এ কোথাকার বন ? রণ। লুধিয়ানার বন।

যশো। একটা কাজ করা যাক, আমাদের সেনারা সকলে এক একটা ভাল কেটে নিয়ে চলুক—তা হলে ভালের আড়ালে যে সকল সৈন্য থাকবে তাদের শক্ররা দেখতে পাবে না, স্থতরাং আমাদের সংখ্যাও ঠিক করতে পারবে না। সেনাগণ, তোমরা তাই কর গে।

সেনা। যে আজ্ঞা। চল হে, লুধিয়ানার বন হতে গাছের ভাল কেটে নেওয়া যাক।

যশো। ছরায়াধর্মকোটে আছে, চল আমরা সেইথানে গিয়ে তাকে আক্রমণ করি।

[সকলে নিজ্ঞান্ত।

পঞ্চম গর্ভাঙ্ক।

শিবির।

রুদ্রপাল ও দৈন্যগণের প্রবেশ।

কদ। পতক্ষের দল আসছে আগুণের কাছে, আস্ক্ক, পুড়ে মরুক। সকলেই বলছে "আসছে, আসছে" আস্ক। কালাগ্নি রুদ্রপাল মহাক্রোধে প্রজ্ঞানত হয়ে রয়েছে। যে আসবে তাকেই দগ্ধ করবে।

দূতের প্রবেশ।

চথের জল পড়ছে কেন? আমার লোকেরা কি সকলেই হ্ন্পপোষ্য বালক? তারা কি শুদ্ধ ভয় পেতে জানে আর কাঁদতে পারে? যদি কোন হ্ঘটনা হয়ে থাকে বলে ফেল। অনেক হৃঃথ সহ্য করেছি, কুসংবাদে এ হৃদয় বিকল হবে না।

मृত। মহারাজ, রাজমহিষী পরলোক গিয়েছেন।

রুদ্র। গিরেছেন, শেষ দেখে মরা উচিত ছিল। যম যে মানবের চুল ধরে টেনে নেধাচেছ, এ কেউ ভাবে না। মামুষ সজীব ছারামাত্র। ছদিনের জন্য কেবল লাকালাকি ঝাঁপোঝাঁপি করে মরে—জীবন অসার, অপদার্থ—শীঘ্র নির্ব্বাণ হক, আর বেঁচে কাজ নাই।

দ্বিতীয় দূতের প্রবেশ।

বলবের কিছু আছে, বল্।

দি, দৃ। মহারাজ, যা দেখলেম তাই মহারাজের নিকট বলতে এসেছি, কিন্তু বলতে সাহস হচ্ছে না।

রুদ। বল্।

ছি, দৃ। আমি একটা উচ্চ স্থানে দাঁজিয়ে লুধিয়ানার বনের দিকে চেয়ে ছিলাম, আমার বোধ হল যেন বন চলে আসছে।

কৃদ। মিথ্যাবাদী পশু, কি বললি ? (পদাঘাত)

দ্বি, দৃ। আমার কথা যদি মিথ্যা হয়, আমাকে যথোচিত শাস্তি দিন—
একবার স্বচক্ষে দেখুন, লুধিয়ানার বন চলে আসছে কি না ?

ক্ষুদ্র। যদি মিথা কথা বলে থাকিস ঐ গাছে তোকে লটকে রাথব, সেই অবস্থায় তোর অনাহারে প্রাণত্যাগ করতে হবে। যদি সত্য হয় তা হলে তুই আমার ঐ দশা করলেও কোন ক্ষতি নাই। আমার দৃঢ়তা শিথিল হয়ে পল। এখন বিশ্বাস হচ্ছে পাপীয়সীরা আমাকে প্রতারিত করেছে। বলেছিল " লুধিয়ানার বন ধর্মকোটে না এলে তোমার কোন ভয় নাই"—এখন বন ধর্মকোটে চলে আসছে। (নেপথ্যের দিকে দৃষ্টি করিয়া) যুদ্ধে চল, যুদ্ধে চল—যদি এর কথা সত্য হয় যুদ্ধ করেই বা কি হবে, না করেই বা কি হবে, আর সংসারে থাকতে ইচ্ছা নাই—হৃষ্টি উল্টে পাল্টে যাক। যুদ্ধে চল, রণবাদ্য বাহ্বাও, মরব তো শক্র মেরে মরব।

[নেপথ্যে রণবাদ্য। সকলে নিজ্ঞান্ত।

ষষ্ঠ গভ†ষ্ক।

প্রান্তর।

রুদ্রপালের প্রবেশ।

কজ। যম আমার বুকের উপর বসেছে,কিন্তু আমি সহজে পরাস্ত হব না। এমন মান্ত্র কে আছে যে নারীপ্রস্ত নয় ? যদি কেউ থাকে, আমি তাকে ভয় করি, অন্য কাউকেও ভয় করি না।

শ্যামসিংহের প্রবেশ।

শাম। তোমার নাম কি ?

ক্র। শুনলে ভয় পাবে।

শ্যাম। তুমি আপনাকে যদি পিশাচাধম বলে পরিচর দেও, তা হলেও আমি তোমাকে ডরাই না।

ক্ত। আমার নাম "কুদুপাল"।

শ্যাম। এ নাম যে জীবনের মধ্যে একবার উচ্চারণ করে, তার অনস্ত কাল নরকে বাদ করতে হয়।

ক্স। যে আমার সামনে শক্রভাবে আমাসে পৃথিবীতে তার আর বাস করতে হয় না। এখনই তোকে নরকে পাঠাছিত।

শ্যাম। কে কাকে পাঠায় দেখ্।

ব্বিদ্ধ ও শ্যাম সিংহের পতন।

কদ। তোমার নারী-গভে জন্ম হয়েছিল তো। নারীপ্রস্ত জনের বাছ-বল, বীরত্ব আমার কি করবে ? [ভেরী-নিনাদ।]

[अञ्चान।

রণবীরের প্রবেশ।

রণ। এই দিকে পিশাচের কথা শুনেছি। ছরাঝা, কোথায় ? আমি ছাড়া যদি অন্য কাহারও হতে তোর মৃত্যু হয়, চির দিন আমার স্ত্রী কন্যার আস্থার রোদন ধ্বনি শুনতে হবে। ছরাঝা, অর্থের লোভে যারা তোর পক্ষে যুদ্ধ করছে আমি তাদের মারব না। তোরই জন্য আমার অস্ত্র নিন্ধোষিত হবে, অন্যের

পঞ্চম অন্ধ।

জন্য নয়। কোণায় গেলি? আয়, আয়। স্ত্রীহত্যাকারি, শিশুহত্যাকারি নরপিশাচ, আয়। [ভেরী-নিনাদ।]

[প্রস্থান।

যশোময়সিংহ ও ইন্দ্রপালের প্রবেশ।

গশো। আমাদের সেনারা হৃদয়ের সহিত যুদ্ধ করছে, শত্রুর সেনারা শুদ্ধ হন্ত দ্বার। যুদ্ধ করছে। দেখুন, দেখুন, তারা পলাচ্ছে। বেশ, বেশ, এইরূপই যুদ্ধ করতে হয়।

উন্ত্র। স্বদেশের শক্দিগকে এইরূপেই নিপাত করতে হয়। যুদ্ধ করু, বীরের ন্যায় যুদ্ধ কর। (উচৈচঃস্বরে) যতো ধর্মস্ততো জয়ঃ।

[নেপথ্যে] যতো ধর্মস্ততো জয়ঃ।

যশো। জয়ের আৰু অধিক বিলম্ব নাই। যারা প্রথমে শক্র ছিল তারা এখন আমাদের সপক্ষ হচ্ছে।

[উভয়ের প্রস্থান।

রুদ্রপালের পুনঃপ্রবেশ।

কদ। পর্বত-শৃঙ্গ আমার মন্তকের উপর ভেঙ্গে পড়ছে—পড়ুক। মরতে সরতেও শক্র নিপাত করব।

রণবীরের পুনঃপ্রবেশ।

রণ। ওরে সাক্ষাৎ নরক, দাঁড়া, পালাস নে।

রুদ্র। যা, আমি তোকে চাই না। তোর স্ত্রী কন্যার প্রাণ নষ্ট করে স্থামার হৃদয় অত্যস্ত ভারাক্রান্ত হয়েছে, তোকে মারতে আর ইচ্ছা নাই।

রণ। তোর মৃত ছ্রাচার নরকে জন্মে, পৃথিবীতে জ্বন্মে না। এখনই তোকে তোর যোগ্য স্থানে পাঠাচিছ।

িউভয়ে যুদ্ধ।

রুদ্র। তোর যুদ্ধ করা রুণা। বায়ুকে অস্ত্র দ্বারা আহত করতে পারিস কিন্তু আমার শরীরের এক বিন্দু রক্তপাত করতে পারবি নে। যে শরীরে তরবার প্রবেশ করে সেই শরীরের উপর অস্ত্রাঘাত কর গিয়ে। মান্যের অস্ত্রের কাছে এ শরীর অভেদা। আমার অক্ষয় জীবন, নরপ্রস্ত কেহ আমার জীবন নই করতে পারবে না। রণ। সে আশা বিসর্জন দে। যে দেবতা তোকে অভয় দিয়েছেন তাঁকে বল গিয়ে, রণবীরকে তার জননী প্রসব করেন নাই—অসময়ে জননীর উদর ভেদ করে রণবীরের জন্ম হয়।

কন্দ্র। তোর জিহ্বা দক্ষ হক। তোর বাক্যে আমার বীর্য্য জল হয়ে গেল। পাপীয়দীদিগকে কেহই যেন আর বিশ্বাস না করে—আশা দিয়ে নিরাশ করে, নিশ্চিস্ত করে সর্ব্বাশ করে। আমি তোর সঙ্গে যুদ্ধ করব না।

রণ। তবে অস্ত্র ফেলে দিয়ে পরাজয় স্বীকার কর, কাপুরুষ। তোকে দুশ দেশান্তরে পাঠাব। লোকে দেখুক, তুই অর্দ্ধেক ছ্রাত্মা অর্দ্ধেক কাপু-রুষ, অন্য পদার্থ তোর শরীরে নাই।

কৃদ। আমি পরাজয় স্বীকার করে বালক ইক্সপালের চরণ সেবা করতে পারব না, নীচ লোকের উপহাস সহা করতে পারব না। যদিও লুধিয়ানার বন ধর্মকোটে চলে এসেছে, যদিও তুই নারীপ্রস্ত নস, আমি যুদ্ধ করব, যুদ্ধ করব।

িযুদ্ধ করিতে করিতে উভয়ে নিষ্কান্ত।

উভয়ের পুনঃপ্রবেশ। রুদ্রপালের পতন।

রণ। ছ্রায়ার পতন হল, পৃথিবীর ভার মোচন হল। আমার শোকা-নল জ্বলে উঠল। ও—হ—হ!

ইন্দ্রপালের প্রবেশ।

ইক্স। রণবীর, পঞ্চনদকে তুমি উদ্ধার করেছ, পরমেশ্বর তোমার স্ত্রী কন্যাকে রক্ষা করেছেন—এই দেখদে তারা এদেছে।

রণ। তারা কি জীবিত আছে?

इस । यह एक (मथ अरम।

রণ। কোথায়? কোথায়?

हेला जे ता।

রণ। অমৃত সিন্ধু উথলে উঠে আমাকে ভাসিয়ে নিয়ে গেল।

িবেগে প্রস্থান।

[ইন্দ্রপালের প্রস্থান।

